বিবেকোঽপ্যেবং। নগর্য্যন্নং নগরাধিপান্নং নগরাধিপতেস্তথেতি ব্রহ্মপুরাণাৎ। অবক্ষুতং উপরিক্রতক্ষুতং। অনির্দ্দশঞ্চ প্রেতান্নং মৃতাশৌচ্যন্নং। আদত্তে নাশয়তীতি দোষাভিধানাদ্ভক্ষণ নিষেধঃ কল্প্যতে। ব্রহ্মবর্চ্চসং অধ্যয়নাদিনিমিত্তকং তেজঃ। অমত্যা অজ্ঞানেন। ত্র্যহং ক্ষপণং ত্র্যহমুপবাসঃ। কৃচ্ছ্রং প্রাজাপত্যব্রতং। অশ্রাদ্ধিনঃশ্রাদ্ধপঞ্চযজ্ঞশূন্যস্য। অস্বত্তৌ অর্থান্তরাভাবে। ঐকরাত্রিকং একরাত্রনির্ব্বাহোচিতং। কামমন্নং। তদন্তমপি ভোজনকালে তদ্গৃহাবস্থিতং শূদ্রান্নং। তথাচাঙ্গিরাঃ। শূদ্রবেশ্মনি বিপ্রেণ ক্ষীরস্থা যদি বা দধি। নিবৃত্তেন ন ভোক্তব্যং শূদ্রান্নং তদপি স্মৃতং। নিবৃত্তেন শূদ্রান্ননিবৃত্তেন অপিশব্দাৎ সাক্ষাৎ ঘৃততণ্ডুলাদি। স্বগৃহাগতে পুন রহিরাঃ। যথা যতস্ততোহপঃ শুদ্ধিং যান্তি নদীং গতাঃ। শূদ্রাদ্বিপ্রগৃহেষ্বন্নং প্রবিষ্টন্ত সদা শুচি। প্রবিষ্টেঽপি স্বীকারাপেক্ষামাহ পরাশরঃ। তাবদ্ভবতি শূদ্রান্নং যাবন্ন স্পৃশতি দ্বিজঃ। দ্বিজাতিকরসংস্পৃষ্টং সর্ব্বং তদ্ধবিরুচ্যতে। স্পৃশতি গৃহ্লাতীতি কল্পতরুঃ। তচ্চ সংপ্রোক্ষ্য গ্রাহ্যমাহ বিষ্ণুপুরাণং। সংপ্রোক্ষয়িত্বা গৃহ্লীয়াৎ শূদ্রান্নং গৃহমাগতং। তচ্চ পাত্রান্তরেণ গ্রাহ্যমাহাঙ্গিরাঃ। স্বপাত্রে যচ্চ বিন্যস্তং দুগ্ধং যচ্ছতি নিত্যশঃ। পাত্রান্তরগতং গ্রাহ্যং দুগ্ধং স্বগৃহ আগতং। এতেষু স্বগৃহ আগতস্যৈব শুদ্ধত্বং তদ্গৃহগতস্য শূদ্রান্নদোষভাগিত্বং প্রতীয়তে। 'বৃহন্নারদীয়ে। যঃ শূদ্রেণ সমাহূতোভোজনং কুরুতে দ্বিজঃ। সুরাপীতি স বিজ্ঞেয়ঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ। যঃ শূদ্রেণাভ্যনুজ্ঞাতঃ কুর্য্যাদ্বা ভোজনং দ্বিজঃ। সুরাপীতি স বিজ্ঞেয়ঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ। যঃ শূদ্রেণার্চ্চিতং লিঙ্গং বিষ্ণুং বাপি নমেন্নরঃ। স সর্ব্বযাতনাভোগী যাবদাহূতসংপ্লবং। যোষিদ্ভিঃ পূজিতং লিঙ্গং বিষ্ণুং বাপি নমেত্তু যঃ। স কোটিকুলসংযুক্তআকল্পং রৌরবে বসেৎ।' স্মৃতিঃ। কুষ্মাণ্ডে চার্থহানিঃ স্যাদ্বৃহত্যাং ন স্মরেদ্ধরিং। বহুশত্রুঃ পটোলে স্যাদ্ধনহানিস্তু মূলকে। কলঙ্কী জায়তে বিল্বেতির্য্যগ্যোনিশ্চ নিম্বকে। তালে শরীরনাশঃ স্যান্নারিকেলে চ মূর্খতা। তুম্বী গোমাংসতুল্যা স্যাৎ কলম্বী গোবধাত্মিকা। শিম্বী পাপকরী প্রোক্তা পূতিকা ব্রহ্মঘাতিকা। বার্ত্তাকৌ সুতহানিঃ স্যাচ্চিররোগী চ মাষকে। মহাপাপকরং মাংসং প্রতিপদাদিষু বর্জ্জয়েৎ। অত্র সপ্তম্যামেব তালনিষেধাদন্যত্র তদ্ভক্ষণং প্রাপ্তং। অতঃ। তালং শ্বেতাঞ্চ বার্ত্তাকীং ন খাদেদ্বৈষ্ণবোনরঃ। ইত্যনেন তালমপি শ্বেতং নিষিদ্ধং সাহচর্য্যেণ শ্বেতানুষঙ্গাৎ। এবং। অলাবুং বর্ত্তুলাকারাং বার্ত্তাকীং কুন্দসন্নিভামিতি। যদপি। কুসুম্ভঃ নালিকাশাকং বৃন্তাকং পূতিকান্তথা। ভক্ষয়ন্ পতিতস্তু স্যাদপি বেদান্তগোদ্বিজঃ। ইত্যুশনসা সামান্যতোভিহিতং। তত্র নালিকা শ্বেতকলম্বী। পূতিকা দ্বাদশ্যামধিকদোষায় শূদ্রবিষয়িকা বা ইতি কল্পতরুঃ। শঙ্খঃ। বাগ্দুষ্টং ভাবদুষ্টঞ্চ ভাজনে ভাবদূষিতে। ভুক্ত্বান্নং ব্রাহ্মণঃ পশ্চাত্রিরাত্রঞ্চ ব্রতী ভবেৎ। এতদভ্যাসে। ব্রতী যাবকেন। মনুঃ। ত্রীণি দেবাঃ পবিত্রাণি ব্রাহ্মণানামকল্পয়ন্। অদৃষ্টমদ্ভির্নির্ণিক্তং যচ্চ বাচা প্রশস্যতে। অদৃষ্টমুপঘাতশঙ্কাভিরজ্ঞাতং। অজ্ঞাতঞ্চ সদাশুচীতি যাজ্ঞবল্ক্যৈকবাক্যত্বাৎ। বাচেতি উপঘাতশঙ্কায়াং পবিত্রং ভবত্বিতি ব্রাহ্মণৈর্বাচা যৎ প্রশস্যতে ইতি দীপকলিকাকুল্লূকভট্টৌ। শাতাতপঃ। গোকুলে কন্দুশালায়াং তৈলযন্ত্রেক্ষুযন্ত্রয়োঃ। অমীমাংস্যানি শৌচানি স্ত্রীষু বালাতুরেষু চ। অমীমাংস্যানি শৌচাশৌ ভাগিতয়া ন বিচার্য্যাণি। কন্দুশালায়াং লাজাদ্যর্থং ধান্যাদিভর্জ্জনশালায়াং। বৌধায়নঃ। অদুষ্টাঃ সন্ততাধারাবাতোদ্ধূতাশ্চ রেণবঃ। আকরাঃ শুচয়ঃ সর্ব্বে বর্জ্জয়িত্বা সুরাকরং। পরার্দ্ধমত্রিমুনেরপি। যমঃ। অজাগাবোমহিষ্যশ্চ ব্রাহ্মণী চ প্রসূতিকা। দশরাত্রেণ শুদ্ধ্যন্তি ভূমিষ্ঠঞ্চ নবোদকং। ব্রহ্মপুরাণং। নবখাতজলং গাবোমহিষশ্ছাগযোনয়ঃ। শুধ্যন্তি দিবসৈরেব দশভির্নাত্র সংশয়ঃ। মিতাক্ষরায়াং স্মৃতিঃ। কালে নবোদকং শুদ্ধং ন পাতব্যন্তু তত্ত্র্যহং। অকালে তু দশাহং স্যাৎ পীত্বা নাদ্যাদহর্নিশং। কালো বর্ষাকালে। শঙ্খঃ। স্নানমাচমনং দানং দেবতাপিতৃতর্পণং। শূদ্রোদকৈর্ন কুর্ব্বন্ত

তথা মেঘাদ্বিনিঃসৃতৈঃ। পানাদীতরস্পর্শাদৌ হরিবংশঃ। অভৌমমম্ভোবিসৃজন্তি মেঘাঃ পূতং পবিত্রং পবনৈঃ সুগন্ধি। শঙ্খ লিখিতৌ। আকরদ্রব্যাণি প্রোক্ষিতানি শুচী নীতি। যমঃ। আমমাংসংঘৃতং ক্ষৌদ্রং স্নেহাশ্চ ফলসম্ভবাঃ। ম্লেচ্ছভাণ্ডস্থিতাদূষ্যানিষ্ক্রান্তাঃ শুচয়ঃ স্মৃতাঃ। বিষ্ণুধর্ম্মোত্তরে। মুখবর্জঞ্চ গৌঃ শুদ্ধামার্জারঃ ক্রমণে শুচিঃ। পুষ্পাণাঞ্চ ফলানাঞ্চ প্রোক্ষণাচ্ছুদ্ধিরিষ্যতে। অত্রিঃ। মক্ষিকাঃ সন্ততাধারাভূমিস্তোয়ং হুতাশনঃ। মার্জারশ্চাপি দর্ব্বী চ মারুতশ্চ সদা শুচিঃ। চণ্ডালেন শুনা বাপি দৃষ্টং হবিরযজ্ঞিয়ং। বিড়ালাদিভিরুচ্ছিষ্টং দুষ্টমন্নং বিবর্জয়েৎ। অন্যত্র হিরণ্যোদক স্পর্শাদিতি। শাতাতপঃ। তাপনং ঘৃত তৈলানাং প্লাবনং গোরসস্য চ। তন্মাত্রমুদ্ধৃতং শুদ্ধেৎ কঠিনন্তু পয়োদধি। অবিলীনং তথা সর্পির্বিলীনং শ্রপলেন তু। মনুঃ। দ্রব্যাণাঞ্চৈব সর্ব্বেষাং শুদ্ধিরুৎ পবনং স্মৃতং। উৎপবনং বস্ত্রান্তরিতনির্ব্বাপণেন কেশকীটাদ্যপনয়নং। শাতাতপঃ। ক্লীবাভিশস্তপতিতৈঃ সূতিকোদক্যানাস্তিকৈঃ। দৃষ্টম্বা স্বাদ্যদন্নন্তু তস্য নিষ্কৃতিরুচ্যতে। অভ্যুক্ষ্য কিঞ্চিদুদ্ধৃত্য ভুঞ্জীতাপ্যবিশঙ্কিতঃ। শুদ্ধিরিত্যনুবৃত্তৌ বিষ্ণুঃ। গুড়ানামিক্ষু বিকারাণাং প্রভৃতানাং বায়ুগ্নিদানেন সর্ব্বলবণানাঞ্চেতি। ব্রহ্মপুরাণং। চাণ্ডালপতিতামেধ্যৈঃ কুনখৈঃ কুষ্ঠিনা তথা। ব্রহ্মঘ্নসূতিকোদক্যাকৌলেয়ককুটুম্বিভিঃ। দৃষ্টম্বা কেশ কীটাক্তং মৃত্তস্মকনকাম্বুভিঃ। শুদ্ধমদ্যাৎ সহৃল্লেখং প্রভূতং বুাষ্টমেব চ। কৌলেয়কঃ শ্বা কুটুম্বী শূকরঃ। সহৃল্লেখং বিচিকিৎসিতমন্নং। তথা চ ব্রহ্মপুরাণং। বিচিকিৎসা তু হৃদয়ে যস্মিন্নন্নে প্রজায়তে। সহৃল্লেখন্তু বিজ্ঞেয়ং পুরীষন্তু স্বভাবতঃ। মৎস্যসূক্তে। অনিবেদ্য ন ভোক্তব্যং মৎস্যং মাসঞ্চ যন্তবেৎ। অন্নং বিষ্ঠা পয়োমূত্রং যদ্বিষ্ণোরনিবেদিতং। অনেন স্বয়ং ভোজ্যমন্নাদি দেয়মিত্যুক্তং। নাভক্ষ্যং নৈবেদ্যার্থে ভক্ষ্যেষ্বজামহিষীক্ষীরং বর্জয়েৎ পঞ্চনখ মৎস্যবরাহমাংসানি চ। ইতি বিষ্ণুবচনে ত্বেবং বিধং নিষিদ্ধমিত্যবিরোধঃ। অতএবাযোধ্যা কাণ্ডে শ্রীরামবাক্যং। যদন্নঃ পুরুষোরাজংস্তদন্নাস্তস্য.দেবতাইতি। স্বদত্তস্যাপি ভক্ষণমাহ শ্রীভাগবতে। নিবেদিতং মদ্ভক্তায় দদ্যাদ্ভুঞ্জীত বা স্বয়ং। ফলমপ্যাহ। উদ্বাস্য দেবং স্বে ধাম্নি তন্নিবেদিতমগ্রতঃ। অদ্যাদাত্মবিশুদ্ধ্যর্থং সর্ব্বকামসমৃদ্ধয়ে। উদ্বাস্যানীয় স্বে ধাম্নি হৃদয়ে ত্বয়োপযুক্তস্রগগন্ধবাসোঽলঙ্কারচর্চ্চিতাঃ। উচ্ছিষ্টভোজিনোদাসাস্তব মায়াং জয়েমহি। তথা। হৃদিরূপং মুখে নাম নৈবেদ্যমুদরে হরেঃ। পাদোদকঞ্চ নির্ম্মাল্যং মস্তকে যস্য সোঽচ্যুতঃ। ব্রহ্মপুরাণং। অম্বরীষ নবং বস্ত্রং ফলমন্নং রসাদিকং। কৃত্বা কৃষ্ণোপভোগ্যন্তু সদা সেব্যং হি বৈষ্ণবৈঃ। অম্বরীষ হরের্লগ্নং নীরং পুষ্পং বিলেপনং। ভক্ত্যা ন ধত্তে শিরসা চাণ্ডালাদধিকোহি সঃ। নারসিংহে পাদোদকফলমাহ। গঙ্গাপ্রয়াগগয়নৈমিষপুষ্করাণি পুণ্যানি যানি কুরুজাঙ্গল যামুনানি। কালেন তীর্থসলিলানি পুনন্তি পাপাৎ পাদোদকং ভগবতস্তু পুনাতি সদ্যঃ। পদ্মপুরাণে। যে পিবন্তি নরানিত্যং শালগ্রামশিলোদকং। প্রক্ষালয়ন্ত্যসন্দিগ্ধং ব্রহ্মহত্যাদি পাতকং। শালগ্রামশিলাতোয়মপীত্বা যস্তু মস্তকে। প্রক্ষেপণং প্রকুর্ব্বীত ব্রহ্মহা স নিগদ্যতে। বহুব্চগৃহ্যপরিশিষ্টং। পবিত্রং বিষ্ণুনৈবেদ্যং সুরসিদ্ধর্ষিভিঃ স্মৃতং। অন্যদেবস্য নৈবেদ্যং ভুক্ত্বা চান্দ্রায়ণঞ্চরেৎ। অগ্রাহ্যং শিবনৈবেদ্যং পত্রং পুষ্পং ফলং জলং শালগ্রামশিলাস্পর্শাৎ সর্ব্বং যাতি পবিত্রতাং। যোযদ্দেবার্চ্চনরতঃ স তন্নৈবেদ্যভক্ষকঃ। কেবলং সৌরশৈবে তু বৈষ্ণবোনৈব ভক্ষয়েৎ। সমানং চান্যনৈবেদ্যং ভক্ষয়ে দন্যদৈবতঃ। ভবিষ্যে। নির্ম্মাল্যং নৈব ভোক্তব্যং রুদ্রস্য তপনস্য চ। উপযুজ্য চ সংমোহান্নরকে পচ্যতে ধ্রুবং। অতএব পুরশ্চরণচন্দ্রিকায়াং। সুষুম্নাবর্ত্মনা পুষ্পমাঘ্রায়োদ্বাসয়েৎ সুধীঃ। নির্ম্মাল্যং মস্তকে ধার্য্যং সর্ব্বাঙ্গেষ্বনুলেপনং। নৈবেদ্যঞ্চোপযুঞ্জীত দত্ত্বা তদ্ভক্তিশালিনে। তদ্ভক্তিশালিনে বিষ্বক্সেনপ্রভৃতয়ে। নন্দিকেশ্বরপুরাণং। দত্ত্বা নৈবেদ্যবস্ত্রাণি নাদদীত কদাচন। ত্যক্তব্যং শিবমুদ্দিশ্য তদাদানে ন তৎফলং। ইতি শিবদত্তে বিশেষঃ। স্মৃতিঃ। ব্রহ্মচারি গৃহস্থৈশ্চ বনস্থযতিভিঃ সহ। ভোক্তব্যং বিষ্ণুনৈবেদ্যং নাত্র কার্য্যা

বিচারণা। এবঞ্চ। তদ্ধস্তকারং নৈবেদ্যং ভুক্ত্বা কৃচ্ছ্রং যতিশ্চরেৎ। ইতি বিষ্ণুনৈবেদ্যেতরপরং। স্বোৎসৃষ্টজলাশয়জলোপযোগেঽপি ন দোষস্তথাহি। প্রদদ্যাৎ সর্ব্ব ভূতেভ্যোজলপূর্ণং জলাশয়ং। ইতি মৎস্যপুরাণে জলাশয়োৎসর্গস্য সর্ব্বভূতেভ্যইত্যনেনাপ্রকৃষ্টচেতনোদ্দেশ্যকত্বাদুদ্দেশ্যগতস্বামিত্বাজননান্ন দানত্বং কিন্তু জলং স্বস্বত্বদূরীকরণেন নদ্যাদিবৎ সাধারণীকৃতং অতএব। সামান্যং সর্ব্ব ভূতেভ্যোময়োৎসৃষ্টমিদং জলং। রমন্তু সর্ব্বভূতানি স্নানপানাবগাহনৈঃ। ইতি মন্ত্রলিঙ্গেনোপাদানং বিনা কস্যাপি ন স্বত্বমিতি। তংশ্চ সাধারণজলস্য পরিগ্রহণমাত্রেণ গোতমোক্তেন স্বামিত্বশ্রুতেস্তদুৎস্রষ্টুরপি তথাত্বেন পুনঃ স্বামিত্বাত্তদুপযোগঃ। যথা গোতমঃ। স্বামী রিকৃথক্রয়সংবিভাগপরিগ্রহাধিগমেষু। ব্রাহ্মণস্যার্ত্বিজ্যলব্ধংক্ষত্রিয়স্য বিজিতং নির্বিষ্টং বৈশ্যশূদ্রয়োরিতি। পরিগ্রহোঽনন্যপূর্ব্বস্য জলতৃণকাষ্ঠাদেঃ স্বীকারইতি মিতাক্ষরা। বৃত্ত্যধিকারে ব্যক্তমাহাপস্তম্বঃ। দায়াদ্যং শিলোঞ্ছৌ চান্যচ্চাপরিগৃহীতমিতি। অপরিগৃহীতমনন্যস্বীকৃতমস্বামিকমিত্যর্থঃ। নির্বিষ্টং বেতনলব্ধং নির্দ্দেশোভৃতিভোগয়োরিত্যমরোক্তেঃ। পৈঠীনসিঃ। লবণং ব্যঞ্জনঞ্চৈব ঘৃতং তৈলং তথৈব চ। লেহ্যং পেয়ঞ্চ বিবিধং হস্তদত্তং ন ভক্ষয়েৎ। আশ্বমেধিকে। উদক্যামপি চাণ্ডালং শ্বানং কুক্কুটমেব চ। ভুঞ্জানোযদি পশ্যেত তদন্নঞ্চ পরিত্যজেৎ। কূর্ম্মপুরাণে। যোভুঙ্‌ক্তে বেষ্টিত শিরাযশ্চ ভুঙ্‌ক্তে বিদিঙ্মুখঃ। সোপানৎকশ্চ যোভুঙ্‌ক্তে সর্ব্বং বিদ্যাত্তদাসুরমিতি। ব্রহ্মপুরাণে। কুর্য্যাৎ ক্ষীরান্তমাহারং নচ পশ্চাৎ পিবেদ্দধি। অধিঅধিকং। অনারোগ্যমনায়ুষ্যমস্বর্গ্যঞ্চাতিভোজনং। অপুণ্যং লোকবিদ্বিষ্টং তস্মাত্তৎ পরিবর্জয়েৎ। হস্তং প্রক্ষাল্য গণ্ডুষং ষঃ পিবেৎ পাপমোহিতঃ। স দৈবঞ্চৈব পিত্র্যঞ্চ আত্মানঞ্চাবসাদয়েৎ। অর্দ্ধং পীত্বা চ গণ্ডুষমর্দ্ধং ত্যাজ্যং মহীতলে। রসাতলগতান্নাগাংস্তেন প্রীণাতি নিত্যশঃ। বৃদ্ধব্যাসঃ। ততস্তৃপ্তঃ সন্নমৃতাপিধানমসীত্যপঃ প্রাশ্য তস্মাদ্দেশা স্নানাগবস্থত্য বিধিবদাচামেদিতি। দেবলঃ। ভুক্ত্বাচামেদ্‌যথোক্তেন বিধানেন সমাহিতঃ। শোধয়েন্মুখহস্তৌ চ মৃদদ্ভির্ঘর্ষণৈরপি। ভোজনে দন্তলগ্নানি নির্হৃত্যাচমনং চরেৎ। দন্তলগ্নমসংহার্য্যং লেপং মন্যেত দন্তবৎ। ন তত্র বহুশঃ কুর্য্যাদ্‌যত্নমুদ্ধরণে পুনঃ। ভবেদশৌচমত্যর্থং তৃণবেধাদ্‌ব্রণে কৃতে। বৌধায়নঃ। পুনরাচম্য দক্ষিণে পাদাঙ্গুষ্ঠে পাণিনা নিস্রাবয়তি। অঙ্গুষ্ঠমাত্রঃ পুরুষোঅঙ্গুষ্ঠঞ্চ সমাশ্রিতঃ। ঈশঃ সর্ব্বস্য জগতঃ প্রভুঃ প্রীণাতু বিশ্বভুক্। নিস্রাবয়তি জলমিতি শেষঃ। ব্রহ্মপুরাণং। আচান্তোঽপ্যশুচিস্তাবদ্‌যাবৎ পাত্রমনুদ্ধৃতং। উদ্ধৃত্যাপ্যশুচিস্তাবদ্‌যাবন্নোচ্ছিষ্টমার্জনং। ভুক্তোচ্ছিষ্টং সমাদায় সর্ব্বস্মাৎ কিঞ্চিদাত্মনঃ। উচ্ছিষ্টভাগধেয়েভ্যঃ সোদকং নির্বপেদ্‌ভুবি। তত্র মন্ত্রঃ। রৌরবে পুণ্যনিলয়ে পদ্মার্ব্বুদনিবাসিনাং। প্রাণিনামুদকং নিত্যমক্ষয্যমুপতিষ্ঠতাং। বিষ্ণুপুরাণং। ভুক্ত্বা সম্যগথাচম্য প্রাঙ্মুখোদঙ্মুখোঽপি বা। যথাবৎ পুনরাচামেৎ পাণী প্রক্ষাল্য মূলতঃ। স্বস্থঃ প্রশান্তচিত্তস্তু কৃতাসনপরিগ্রহঃ। অভীষ্টদেতানাঞ্চ কুর্ব্বীত স্মরণং নরঃ। অগ্নিরাপ্যায়তাং ধাতুং পার্থিবং পবনেরিতঃ। দত্তাবকাশোনভসা জরয়ত্বস্তু মে সুখং। অন্নং বলায় মে ভূমেরপামগ্ন্যনিলস্য চ। ভবত্বেতৎ পরিণতৌ মমাস্ত্বব্যাহতং সুখং। প্রাণাপানসমানানা মুদানব্যানয়োস্তথা। অন্নং তুষ্টিকরঞ্চাস্তু মমাস্ত্বব্যাহতং সুখং। অগস্ত্যবহ্নির্বড়বানলশ্চ ভুক্তং ময়ান্নং জরয়ত্বশেষং। সুখং মমৈতৎ পরিণামসম্ভবং যচ্ছত্বরোগং মম চাস্তু দেহে। বিষ্ণুঃসমস্তেন্দ্রিয়দেহিদেহে প্রধানভূতোভগবান্ যথৈকঃ। সত্যেন তেনান্নবিশেষমেতদারোগ্যদং মে পরিণামমেতু। বিষ্ণুরত্তা যথৈবান্নং পরিণামমবৈতি হি। সত্যেন তেন মদ্ভুক্তং জীর্য্যত্বন্নমিদং তথা। ইত্যুচ্চার্য্য স্বহস্তেন পরিমৃজ্য তথোদরং। অনায়াসপ্রদায়ীনি কুর্য্যাৎ কর্ম্মাণ্য তন্দ্রিতঃ। মার্কণ্ডেয়ঃ। ভূয়োঽপ্যাচম্য কর্ত্তব্যং ততস্তাম্বূলভক্ষণং। বশিষ্ঠঃ। সুপূগঞ্চ সুপর্ণঞ্চ সুচূর্ণেন সমন্বিতং। অদত্ত্বা দ্বিজদেবেভ্যস্তাম্বূলং বর্জয়েদ্‌বুধঃ। পর্ণমূলে ভবেদ্ব্যাধিঃ পর্ণাগ্রে পাপসম্ভবঃ। জীর্ণপর্ণং হরেদায়ুঃ শিরা বুদ্ধিপ্রণাশিনী।

অথ ষষ্ঠ যামার্দ্ধকৃত্যং।

দক্ষঃ। ইতিহাসপুরাণাদ্যৈঃ ষষ্ঠঞ্চ সপ্তমং নয়েৎ। অষ্টমে লোকযাত্রা তু বহিঃ সন্ধ্যা ততঃ পরং। বিষ্ণুপুরাণং। সচ্ছাস্ত্রাদিবিনোদেন সন্মার্গাদবিরোধিনা। দিনং নয়েত্ততঃ সন্ধ্যামুপতিষ্ঠেৎ সমাহিতঃ। সন্ধ্যোপাসনন্তু পূর্ব্ববদেব। বিশেষস্তু অগ্নিশ্চ মামন্যুশ্চেতি মন্ত্রেণাচমনং সায়মগ্নিশ্চেতি বৌধায়নীয় পরিশিষ্টদর্শনাৎ। গায়ত্রীজপশ্চ উপবিশ্য প্রত্যামুখেন বায়ুকোণসম্বন্ধিদিগষ্টমভাগমুখেন বা কর্ত্তব্যঃ। জপন্নাসীত সাবিত্রীং প্রত্যগাতারকোদয়াৎ। ইতি যাজ্ঞবল্ক্যীয়াৎ। অর্দ্ধষ্টমমিতি সাংখ্যায়নাচ্চ।

অথ রাত্রিকৃত্যং।

স্মৃতিঃ। পূর্ব্বাহ্নে বিহিতং কর্ম্ম ন কৃতং যৎ প্রমাদতঃ। রাত্রেস্তু প্রহরং যাবৎ কর্ত্তব্যং তদ্যথোক্তবৎ। দিবোদিতানি কর্ম্মাণি প্রমাদাদকৃতানি চ। শর্ব্বর্য্যাঃ প্রথমে যামে তানি কুর্য্যাদতন্দ্রিতঃ। ইতি রত্নাকরঃ। যাজ্ঞবল্ক্যাঙ্গিরসৌ। উপাস্য পশ্চিমাং সন্ধ্যাং হুত্বাগ্নীংস্তানুপাস্য চ। ভৃত্যৈঃ পরিবৃতোভুক্ত্বা নাতিতৃপ্তোঽথ সংবিশেৎ। অগ্নৌ হোমোপাসনং সাগ্নিপরং। উপাস্য চেতি চকারো বৈশ্বদেবাদিকং সমুচ্চিনোতি। সংবিশেৎ স্বপেৎ। তথাচ বিষ্ণুপুরাণং। পুনঃ পাকমুপাদায় সায়মপ্যবনীপতে। বৈশ্বদেবনিমিত্তং বৈ পত্ন্যা সার্দ্ধং বলিং হরেৎ। অতিথিঞ্চাগতং তত্র স্বশক্ত্যা পূজয়েদ্বুধঃ। দিবাতিথৌ তু বিমুখে গতে যৎ পাতকং ভবেৎ। তদেবাষ্টগুণং বিদ্যাৎ সূর্য্যোঢ়ে বিমুখে গতে। সূর্য্যোঢ়েঽসূর্য্যে অস্তংগতে। তথা। কৃতপাদাদিশৌচস্তু ভুক্ত্বা সায়ং ততোগৃহী। গচ্ছেচ্ছয্যামস্ফুটিতামপি দারুময়ীং নৃপ। ভোজনে সায়মিতি সার্দ্ধযামপরং প্রাগুক্তত্বাৎ।

অথ শয়নবিধিঃ।

সতি সূর্য্যে শয্যা ন পাতনীয়া সা চ সূর্য্যোদয়াৎ পূর্ব্বমুত্তোলনীয়া। তথা চ স্মৃতিঃ। ভাস্করাদৃষ্টশয্যানি নিত্যাগ্নিসলিলানি চ। সূর্য্যাবলোকিদীপানি লক্ষ্ম্যাবেশ্মানি ভাজনং। আসনং বসনং শয্যা জায়াপত্যং কমণ্ডলুঃ। আত্মনঃ শুচিরেতানি ন পরেষাং কদাচন। ন কদাচন ইত্যনুমতিং বিনা অন্যথাতিথ্যানুপপত্তেঃ। ব্যাসঃ। শুচৌ দেশে বিবিক্তে তু গোময়েনোপলেপিতে। প্রাগুদক্প্লবনে চৈব সংবিশেত্তু সদা বুধঃ। মাঙ্গল্যং পূর্ণকুম্ভঞ্চ শিরঃস্থানে নিধাপয়েৎ। বৈদিকৈর্গারুড়ৈর্ম্মন্ত্রৈরক্ষাং কৃত্বা স্বপেত্ততঃ। গর্গঃ। স্বগৃহে প্রাক্‌শিরাঃ শেতে আয়ুষ্যে দক্ষিণাশিরাঃ। প্রত্যক্‌শিরাঃ প্রবাসে তু ন কদাচিদুদক্‌শিরাঃ। মার্কণ্ডেয়পুরাণে। প্রাক্‌শিরঃ শয়নে বিদ্যাদ্ধনমায়ুশ্চ দক্ষিণে। পশ্চিমে প্রবলাং চিন্তাং হানিং মৃত্যুং তথোত্তরে। তথা। নমস্কৃত্যাব্যয়ং বিষ্ণুং সমাধিস্থঃ স্বপেন্নিশি। মার্কণ্ডেয়ঃ। শূন্যালয়ে শ্মশানে চ একবৃক্ষে চতুষ্পথে। মহাদেবগৃহে চাপি শর্করালোষ্ট্রপাংশুষু। ধান্যগোবিপ্রদেবানাং গুরূণাঞ্চ তথোপরি। নচাপি ভগ্নশয়নে নাশুচৌ নাশুচিঃ স্বয়ং। নার্দ্রবাসা ন নগ্নশ্চ নোত্তরাপরমস্তকঃ। নাকাশে সর্ব্বশূন্যে চ নচ চৈত্যদ্রুমে তথা। স্বপেদিতি শেষঃ।

অথ দারোপগমনবিধিঃ।

যাজ্ঞবল্ক্যঃ। ষোড়শর্ত্তুর্নিশা স্ত্রীণাং তাসু যুগ্মাসু সংবিশেৎ। ব্রহ্মচার্য্যেব পর্ব্বণ্যাদ্যাশ্চতস্রশ্চ বর্জয়েৎ। স্ত্রীণাং ষোড়শনিশা ঋতুর্গর্ভাধানযোগ্যকালস্তত্রোক্তবিধিনা গচ্ছেৎ তত্র যুগ্মাসু রাত্রিষপি পর্ব্বণি ব্রহ্মচার্য্যেব ভবতি তত্র ব্রতাদৌ গচ্ছতো ব্রহ্মচর্য্যস্খলনদোষো নাস্তীতি মিতাক্ষরা। পর্ব্বাণ্যাহ বিষ্ণুপুরাণং চতুর্দ্দশ্যষ্টমী চৈব অমাবাস্যাথ পূর্ণিমা। পর্ব্বণ্যেতানি রাজেন্দ্র রবিসংক্রান্তিরেব চ। ষষ্ঠ্যষ্টমীমমাবাস্যামুভে পক্ষে চতুর্দ্দশীং। মৈথুনং নোপসেবেত দ্বাদশীঞ্চ মম প্রিয়াং। হারীতঃ। চতুর্থেঽহনি স্নাতায়াং যুগ্মাসু চ গর্ভাধানবদুপেতোব্রহ্মগর্ভং দধাতীতি। অত্র চতুর্থ্যাং রাত্রৌ যদ্গর্ভাধানমুক্তং তদ্রজোনিবৃত্তৌ বোদ্ধব্যং।

রজস্যুপরতে সাধ্বী স্নানেন স্ত্রী রজস্বলা। ইতি মনুবচনৈক বাক্যত্বাৎ। সাধ্বী গর্ভাধানাদিবিহিতকর্ম্মযোগ্যেত্যর্থঃ। আদ্যাশ্চতস্রোবর্জ্জয়েদিতি তু রজোনিবৃত্তীতরপরং। চতুর্থ্যাং রাত্রৌ জাতস্যাপ্রশস্তত্বমাহাপস্তম্বঃ। চতুর্থীপ্রভৃত্যুত্তরোত্তরা প্রজানিঃশ্রেয়সার্থং। ইতি মিতাক্ষরামদনপারিজাতয়োঃ। স্নানানন্তরং পুনরপি রজোদর্শনে বিশেষমাহ হারীতঃ। রজস্বলা যদি স্নাতা পুনরেব রজস্বলা। অষ্টাদশদিনাদর্ব্বাগশুচিত্বং ন বিদ্যতে। একোনবিংশতেরর্ব্বাগেকাহং স্যাত্ততোহ্যহং। বিংশপ্রভৃত্যুত্তরেষু ত্রিরাত্রমশুচির্ভবেৎ। অষ্টাদশ দিনাদর্ব্বাক্ সপ্তদশদিনাভ্যন্তরে ইত্যর্থঃ। এবমুত্তরত্রাপি। বশিষ্ঠঃ। ত্রিরাত্রং রজস্বলা অশুচির্ভবতি সা নাঞ্জ্যাৎ নাভ্যঞ্জ্যাৎ নাপ্সু স্নায়াদধঃশয়ীত ন দিবা স্বপ্যাৎ ন রজ্জুং বিসৃজেৎ নাগ্নিং স্পৃশেৎ ন দন্তান্ ধাবয়েৎ ন মাংসমশ্নীয়াৎ ন গ্রহান্নিরীক্ষেত ন হসেৎ কিঞ্চিন্নাচরেৎ নাঞ্জলিনা জলং পিবেৎ ন লোহিতায়সেন ন খর্ব্বেণ বেতি। ন রজ্জুং বিসৃজেৎ ন রজ্জুং কুর্য্যাদিত্যর্থঃ। লোহিতায়সেন তাম্রপাত্রেণ। খর্ব্বেণ বামপাণিনা। অনৃতাবপি কামুকীগমনমাহ বিষ্ণুপুরাণং। মৃতোনরকমভ্যেতি হীয়েতাত্রাপি চায়ুষঃ। পরদাররতিঃ পুংসামুভয়ত্রাপি ভীতিদা। ইতি মত্বা স্বদারেষু ঋতুমৎসুবুধোব্রজেৎ। যথোক্তদোষহীনেষু সকামেষ্বনৃতাবপি। প্রৌঢ়গর্ভাস্বপি অত্যন্তকামামুপেয়াৎ তদাহ বশিষ্ঠঃ। অপিচ কাঠকে প্রবচনে বিজ্ঞায়তে অদ্য শ্বো বা বিজনিষ্যমাণাঃ পতিভিঃ সহ শয়ন্তে ইতি স্ত্রীণামিন্দ্রদত্তো বরইতি। বিজনিষ্যমাণাঃ প্রসবিত্র্যঃ শয়ন্তে শেরতে। লটোরূপং ছান্দসং। পৈঠীনসিঃ। ত্বাষ্ট্রং বিশ্বরূপং জঘান বজ্রেণেন্দ্রস্তং দেবা ব্রহ্মহন্নিত্যবদন্ স স্ত্রিয়উপাগৃহ্নীত বরং দাস্যামীতি ততোঽস্যাস্তৃতীয়ং ব্রহ্মহত্যায়াঃ প্রপদ্যন্ত একং ভূমির্বনস্পতয়শ্চৈকনাসাং মনবা তুষ্টঃ প্রায়চ্ছদ্বরং ভূমেঃ স্থিরত্বং বৃক্ষাণাং ছিন্নপ্ররোহণং স্ত্রীণাং সর্ব্বকালে সম্ভব ইতি। সম্ভবঃ সম্ভোগঃ। সর্ব্বকালে ঋতাবনৃতৌ চ নতু প্রতিষিদ্ধপর্ব্বাদৌ তত্রাচ গোতমঃ। ঋতাবুপেয়াৎ সর্ব্বত্র প্রতিষিদ্ধবর্জমিতি। তুষ্ট-

কালমাহ জ্যোতিষে। জ্যেষ্ঠামূলামঘাশ্লেষারেবতীকৃত্তিকাশ্বিনী। উত্তরাত্রিতয়ং ত্যক্ত্বা পর্ব্ববর্জ্জং ব্রজেদৃতৌ। এবঞ্চ। ঋতৌ নোপৈতি যোভার্য্যামনৃতৌ যশ্চ গচ্ছতি। তুল্যমাহুস্তয়োর্দোষমযোনৌ যশ্চ গচ্ছতি। ইতি বৌধায়নীয়মনৃতৌ দোষাভিধানং অকামবিষয়ং। বিষ্ণুঃ। পর্ব্বানারোগ্যবর্জমৃতাবগচ্ছন্। পঞ্চত্রিরাত্রমুপবসেদিতি। বৃদ্ধশাতাতপঃ। স্ত্রীণাং সংপ্রেক্ষণাৎ স্পর্শাত্তাভিঃ সংকথনাদপি। ব্রহ্মচর্য্যং বিপদ্যেত ন দারেষৃতুসঙ্গমাৎ। সংপ্রেক্ষণাদিতি সংকথনাদিত্যত্র সরাগত্বং সংশদার্থঃ। শ্রাদ্ধানন্তরঞ্চ নিষেধমাহতুঃ শঙ্খলিখিতৌ। ঋতুস্নাতাং তদহোরাত্রং পরিহরেৎ নাতুরোন দিবা মৈথুনং ব্রজেৎ ক্লীবাঃ স্বল্পবীর্য্যাশ্চ দিবা প্রসূয়ন্তে অল্পায়ুষশ্চ তস্মাদেতদ্বিবর্জয়েৎ প্রজাকামঃ পিতৃণাং নোহবৈ তন্তুং বিচ্ছিন্দ্যাৎ প্রযতেতাচ্ছেদায় যেনাপ্রতিষ্ঠোভবতি তস্মাৎ প্রতিষ্ঠাকামঃ প্রজয়া প্রতিষ্ঠেতেতি। নোশদানিষেধে। তন্তুং সন্তানং। অচ্ছেদায় অবিচ্ছেদায় সন্তানস্য। যেন অস্মাৎ অপ্রতিষ্ঠঃ প্রজাদুৎপত্ত্যা অপ্রাপ্তনিষ্ঠঃ সন্পততি তস্মাত্তদুৎপত্ত্যর্থং যতিতব্যমিতি কল্পতরুঃ। এবঞ্চ শ্রাদ্ধদিনে যদভিগমনং প্রাগুক্তযাজ্ঞবল্ক্যবচনাদুক্তং মিতাক্ষরায়াং তদ্দ্বেয়ং। বশিষ্ঠঃ শূদ্রান্নেন তু ভুক্তেন মৈথুনং যোঽধিগচ্ছতি। যস্যান্নং তস্য তে পুত্রাঅস্পর্দ্যাঃ শূদ্রবদ্দ্বিজাঃ। পরাশরঃ। ঋতুস্নাতাং চ যোভার্য্যাং সন্নিধৌ নাভিগচ্ছতি। স গচ্ছেন্নরকং ঘোরং ব্রহ্মহেতি তথোচ্যতে। সন্নিধাবিত্যভিধানাদসন্নিহিতস্য গমনাভাবে ন দোষঃ। পুত্রোৎপত্তিপর্য্যন্তং ঋতুভিগমননিয়মমাহ কূর্ম্মপুরাণং। ঋতুকালাভিগামী স্যাদ্যাবৎ পুত্রোন জায়তে। ঋণাপকর্ষণার্থং হি পুত্রস্যোৎপাদনং প্রতি। যতিতব্যমিতি শেষঃ। আপস্তম্বঃ। ঋতৌ তু গর্ভশঙ্কিত্বাৎ স্নানং মৈথুনিনঃ স্মৃতং। অনৃতৌ তু সদা কার্য্যং শৌচং মূত্রপুরীষবৎ। দ্বাবেতাবশুচী স্যাতাং দম্পতী শয়নং গতৌ। শয়নাদুত্থিতা নারী শুচিঃ স্যাদশুচিঃ পুমান্। মৈথুনশুদ্ধেঃ পূর্ব্বংমলমূত্রোৎসর্গং ন কুর্য্যাৎ। তৈলাভ্যঙ্গে তথা বান্তে শ্মশ্রুকর্ম্মণি মৈথুনে।

মূত্রোচ্চারং যদা কুর্য্যাদহোরাত্রেণ শুদ্ধ্যতি। ইতি যমবচনাৎ। পুত্ত্রাদ্যুৎপত্তৌ পারস্করঃ। সা যদি গর্ভং নাদধীত নিদিদ্ধিকায়াঃ শ্বেতপুষ্পায়াউপোষ্য পুষ্যেণ মূলমুদ্ধৃত্য চতুর্থেঽহনি স্নাতায়াং নিশায়ামুদবেন পিষ্ট্বা দক্ষিণস্যাং নাসিকায়ামাসিঞ্চতীতি ইয়মোষধী ত্রায়মাণা সহমানা সরস্বতী অস্যাঅহং বৃহত্যাঃ পুত্ত্রঃ পিতুরিব নাম জনয়তইতি। সা পরিণীতা ঋতুকালেঽপি কৃতাভিগমনা যদি গর্ভং ন ধারয়তি তদা উপোষ্য পুষ্যে নক্ষত্রে শ্বেতকণ্টকারিকায়ামূলমুৎথাপ্য চতুর্থেঽহনি ঋতুস্নাতায়াং সত্যাং রাত্রাবুদকেন পিষ্ট্বা দক্ষিণনাসাপুটে পতিরিয় মোষধী ত্রায়মাণা ইতি মন্ত্রেণ সিঞ্চতি। নস্যং দদাতি দক্ষিণহস্তানামিকাঙ্গুষ্ঠাভ্যাং গৃহীত্বা প্রাক্‌শিরঃসন্নিষ্টায়াইতি গোভিলস্মরণাৎ আয়ুর্ব্বেদীয়েঽপি। পিপ্পলীং শৃঙ্গবেরঞ্চ মরিচং নাগকেশরং। আজ্যেন সহ ভুঞ্জীত অপি বন্ধ্যা প্রসূয়তে। যাজ্ঞবল্ক্যঃ। এবং গচ্ছন্ স্ত্রিয়ং ক্ষামাং মঘাং মূলঞ্চ বর্জ্জয়েৎ। সদোপবীতিনা ভাব্যংসদা বদ্ধশিখেন চ। বিশিখোব্যুপবীতশ্চ যৎ করোতি ন তৎ কৃতং। অত্র পূর্ব্বার্দ্ধেনাপি নিত্যতা উত্তরার্দ্ধেনাপি কর্ম্মাঙ্গতা বোধিতা অন্যথা উপবীতাভাবদশায়াং কৃতং সাঙ্গমেব ন স্যাৎ। পুরুষশ্চ প্রত্যবায়ী ভবেৎ। অত্র বদন্তি করোতি কৃতবান্ কৃতমিত্যকৃতত্বাতিদেশঃ। পিতৃকৃত্যাদৌ উপবীতিত্বাভাবাৎ কথং ন প্রত্যবায়ঃ নচ বাধকাভাবে সতীতি পূরণীয়ং। সদা পদসঙ্কোচাপত্তেঃ। নচ পদাহবনীয় ইতি বাচ্যং সত্যুপবীতে যজ্ঞসূত্রান্তরমাদায় প্রাচীনাবীতিত্বোপপত্তেঃ। অতএব ব্যুপবীত ইত্যনেন পিতৃকৃত্যাদাবপ্যুপবীতোপভোগ উক্তঃ তথাচাত্র সমুচ্চয়এবেতি উচ্যতে 'যজ্ঞোপবীতী নির্ব্বর্ত্ত্য ততঃ পর্য্যুক্ষণাদিকং। ইত্যত্র ততোযজ্ঞোপবীতী ব্যাখ্যানাৎ তথাগ্নৌকরণহোমোঽপ্যপসব্যেন বা কার্য্যইত্যত্র বাকারেণ সমুচ্চয়াত্মুপপত্তেঃ ততশ্চ ব্যুপবীতপদং যজ্ঞসূত্রমাত্রপরং সদোপবীতিনেত্যত্রাপি যজ্ঞসূত্রধারণবতেত্যর্থঃ নচ মুষ্ট্যাধারণেঽপি তৎ স্যাৎ। ধারণে বিহিতে ইতি বিশেষণাৎ। নচ মুষ্ট্যাদিধারণং কুত্রাপি কর্ম্মণি বিহিতং নচৈবং কর্ম্মাঙ্গত্বেন সূত্রার্থত্বেন কর্ম্মাচরণকালে প্রাচীনাবীতিত্বেনাপি স্থিত্যাপত্তিঃ। উপনয়নকালে যজ্ঞসূত্রবিন্যাসস্য প্রাথমিকত্বাৎ ঔৎসর্গিকত্বেন বাধকং বিনা তদত্যাগাৎ। শস্তইন্দৌসকৃৎ পুত্ত্রং লাক্ষণ্যং জনয়েৎ পুমান্। সকৃদেকবারং অত্র সম্যগাধানহেতুতয়া উত্তানকরচরণামেব কুর্ব্বীত নাতির্য্যক আহিতকরচরণাং স্ত্রিয়ং ঋত্বভিগমনানন্তরং দক্ষিণপার্শ্বেণ স্থাপয়েৎ। পুরুশায়িতে তু গর্ভাদ্যুৎপত্তিরিতি শেষঃ। দক্ষঃ। প্রদোষপশ্চিমৌ যামৌ বেদাভ্যাসেন বৈ নয়েৎ। যামদ্বয়ং শয়ানস্তু ব্রহ্মভূয়ায় কল্পতে। ইতি ব্রহ্মপুরাণে। ইত্যেতদখিলং প্রোক্তং অহোরাত্রাশ্রিতং ময়া। ব্রাহ্মণানাং কৃত্যমেতদপবর্গফলপ্রদং। নাস্তিক্যাদথ বালস্যাৎ ব্রাহ্মণোন করোতি যঃ। স যাতি নরকং ঘোরং পশুযোনৌ চ জায়তে। ইতি শ্রীহরিহরভট্টাচার্য্যাত্মজ শ্রীরঘুনন্দনভট্টাচার্য্য বিরচিতমাহ্নিকাচারতত্ত্বং সম্পূর্ণমিতি।

আহ্নিকতত্ত্ব।

বঙ্গানুবাদ।

অথ প্রাতঃকৃত্য।

ব্রাহ্ম্যমুহূর্ত্ত সময়ে গাত্রোত্থান করিয়া দেবশ্রেষ্ঠগণকে এবং ঋষিসকলকে স্মরণ করিবে। "ব্রহ্মামুরারিস্ত্রিপুরান্তকারী ভানুঃশশী ভূমিসুতো বুধশ্চ। গুরুশ্চ শুক্রঃ শনিরাহু কেতু কুর্ব্বন্ত সর্ব্বে মমসুপ্রভাতং।" সূর্য্যোদয়ের পূর্ব্ব অর্দ্ধপ্রহরে যে দুই মুহূর্ত্ত,—তাহার আদ্য মুহূর্ত্তের নাম ব্রাহ্ম্য; দ্বিতীয় মুহূর্ত্তের নাম রৌদ্র।

দেবাদি স্মরণের পর "প্রাতঃশিরসি শুক্লাব্জে দ্বিনেত্রং দ্বিভুজং গুরুং। প্রসন্নবদনংশান্তং স্মরেত্তন্নামপূর্ব্বকং। "নমোস্তু গুরবেতস্মা ইষ্টদেবস্বরূপিণে। যস্য বাক্যামৃতং হন্তি বিষং সংসার-সংজ্ঞকং।"—ইহা পাঠ করিয়া, তৎপরে "অহংদেবো নচান্যোস্মি ব্রহ্মৈবাহং নশোকভাক্। সচ্চিদানন্দ রূপোহহং নিত্যমুক্তস্বভাববান্।" "দেবেশ চৈতন্যময়াদিদেব শ্রীকান্ত বিষ্ণো ভবদাজ্ঞয়ৈব। প্রাতঃসমুত্থায়তব প্রিয়ার্থং সংসারযাত্রা মনুবর্ত্তয়িষ্যে। "জানামি ধর্ম্মং নচমে প্রবৃত্তির্জানাম্যধর্ম্মং নচমে নিবৃত্তিঃ। ত্বয়াহৃষীকেশ হৃদিস্থিতেন যথানিযুক্তোস্মি তথাকরোমি।"—ইহা পাঠ করিবে। তৎপরে "প্রিয় দত্তায়ৈ ভুবে নমঃ," এই মন্ত্র উচ্চারণ করিয়া পৃথিবীকে নমস্কার করিয়া; প্রথমে দক্ষিণ পাদ পৃথিবীতে নিক্ষেপ করিবে।

অথ বিণ্মূত্রোৎসর্গ।

উত্থিত হইয়া মুখপ্রক্ষালনের পর, বস্ত্রদ্বারা মস্তক আবরণ পূর্ব্বক, তৃণদ্বারা ভূমিকে অন্তর্হিত করিয়া, যত্নে ষ্ঠীবন-উচ্ছ্বাস-বর্জ্জিত মৌনী এবং সমাহিত হইয়া শুচিদেশে মূত্র মল ত্যাগ করিবে। অবস্থিতি স্থান হইতে নৈঋত কোণে বাণ-বিক্ষেপযোগ্য দেশের বাহিরে অর্থাৎ সার্দ্ধ শত হস্তের বাহ্যদেশে পুরীষোৎসর্গ করিবে। সে স্থানে অধিককাল অবস্থান করিবে না এবং বাক্য উচ্চারণ করিবে না। দিবসে উত্তরমুখ, রাত্রিতে দক্ষিণাভিমুখ হইয়া মূত্রমল ত্যাগ করিবে। সূর্য্যাভিমুখ হইয়া কোনরূপেই মূত্র মল ত্যাগ করিবে না। রুগ্ন ব্যক্তি ভিন্ন অপর কেহ সন্ধ্যাকালে মলাদি ত্যাগ করিবে না। বিষ্ঠামূত্র ত্যাগ কালে গৃহী যজ্ঞোপবীতকে পৃষ্ঠদেশে কিঞ্চিৎ বর্দ্ধিত হারবৎ কণ্ঠলম্বিত, অথবা মস্তক অবগুণ্ঠন পূর্ব্বক দক্ষিণ কর্ণে ধারণ করিবেন। যদি প্রাণবধের অশঙ্কা, কিম্বা ভয় উপস্থিত হয় তবে দ্বিজসকল ছায়াতে, কি অন্ধকারে, দিবাতে কি রাত্রে, নিজের সুবিধা অনুসারে যে কোন মুখোপবিষ্ট হইয়া মলাদি ত্যাগ করিতে পারিবে। সূর্য্য, জল, গো, ব্রাহ্মণ, ইহাদিগকে সম্মুখবর্ত্তী করিয়া এবং পথে যে মানব মূত্রাদি ত্যাগ করে, সে ব্যক্তির আয়ুক্ষয় হয়। পথে, ভস্মে, গোষ্ঠে, ফালকৃষ্টভূমিতে জলে, শ্মশানে ইষ্টক স্তূপে, পর্ব্বতে, জীর্ণ দেবায়তনে, বল্মীকে, প্রাণিবিশিষ্ট গর্ত্তে, গমন করিতে করিতে, দণ্ডায়মান হইয়া, নদীতীরে, পর্ব্বত মস্তকে, এবং বায়ু, অগ্নি, ব্রাহ্মণ, জল সূর্য্য ইহাদিগকে দর্শন করিতে করিতে বিষ্ঠা মূত্র ত্যাগ করিবে না। আহার, বিহার এবং মূত্র-পুরীষোৎসর্গ সর্ব্বদা অতি গোপন স্থানে

করিবে; এই সকল গোপনে করিলে শ্রীযুক্ত হয়; প্রকাশে শ্রীহীন হয়। পাদুকা পায়ে দিয়া মূত্র পুরীষোৎসর্গ করিবে না। জল পাত্র হস্তে করিয়া মলমূত্রত্যাগ করিলে পাত্র-স্থিত জল মূত্রতুল্য হয়। সেই জল পান করিলে চান্দ্রায়ণ প্রায়শ্চিত্ত দ্বারা শুচি হয়। অনন্তর লোষ্ট্র কাষ্ঠ তৃণাদি দ্বারা বিণ্মূত্রকে বিকর্ষণ (মার্জন) করিয়া, কটিদেশ হইতে উৎক্ষিপ্তবস্ত্র এবং দৃঢ়রূপে বিধৃতমেহন হইয়া উত্থিত হইবে।

অথ শৌচ।

ধর্ম্মবিৎব্যক্তি অধঃশৌচে দক্ষিণহস্ত যোগ করিবেন না। সেই প্রকার বামহস্ত দ্বারা নাভির উর্দ্ধস্থান শোধন করিবেন না। সুস্থ অবস্থায় এইরূপ কিন্তু রোগাদি থাকিলে বিপরীত করিতে পারিবে।

সুন্দর পবিত্র দেশে, বাগ্‌যত হইয়া উদ্ধৃত জল এবং মৃত্তিকা আনয়নপূর্ব্বক, দিবসে উদঙ্‌মুখ, রাত্রে দক্ষিণামুখ হইয়া, প্রথমে মৃত্তিকা, তৎপরে জল দিবে; তাবৎ পর্য্যন্ত জল দিতে হইবে,যে পর্য্যন্ত মৃত্তিকা ধৌত না হয়। এইরূপে শৌচক্রিয়া করিবে। জলপাত্রাভাবে অনুদ্ধৃত জলে অরত্নি (নিষ্কনিষ্ট মুষ্টি) মাত্র, জল ত্যাগ করিয়া, অর্থাৎ অনুদ্ধৃত জলের নিষ্কনিষ্ট-মুষ্টি দূরে বসিয়া শৌচ করিবে; পশ্চাৎ সেই অরত্নি মাত্র স্থান, জলদ্বারা শোধন করিবে; শোধন না করিলে, সে ব্যক্তি শুচি হইবে না।

বল্মীক, মূষিকোৎখাত, জলমধ্যস্থিত, শৌচাবশিষ্ট, গৃহ হইতে লেপ-সম্ভবা, মধ্য-প্রাণিস্থিত, নাঙ্গলোদ্ধৃত, সকর্দ্দম, এই সকল মৃত্তিকা শৌচকর্ম্মে গ্রহণ করিবে না।

লিঙ্গে একবার, গুহ্য-দ্বারে তিনবার, বাম হস্তে দশবার, বাম ও দক্ষিণ উভয় হস্তে সপ্তবার —মৃত্তিকা প্রদান করিবে। বিষ্ণুপুরাণ দক্ষ, যম, সংহিতা প্রভৃতিতে মৃৎপ্রদান সংখ্যার ন্যূনাতিরিক্ততা গন্ধাদির অনুবৃত্তি অনুরোধে ব্যবস্থা আছে; যে পর্য্যন্ত নির্গন্ধ না হয়, তৎকাল পর্য্যন্ত মৃত্তিকা-যোগ এবং জলদ্বারা ধৌত করিবে। বামহস্তে দশবার দানের পর, তৎপৃষ্ঠে ছয়বার দিবে উভয় হস্তনখে তিন বার মৃত্তিকা দিয়া, তৃণাদি দ্বারা নখান্তর-মল শোধন করিবে।

যে মৃত্তিকা দ্বারা তর্জনী, মধ্যমা, অনামিকা এই তিন অঙ্গুলির অগ্র-ত্রিপর্ব্ব পূরিত হয়, এমত অর্দ্ধপ্রসৃতি (আকুঞ্চিত) করিয়া মৃত্তিকা লিঙ্গে প্রথম দিবে; দ্বিতীয় বারে তদর্দ্ধ; তৃতীয় বারে তদর্দ্ধ মৃত্তিকা দিবে। উক্ত পরিমাণ মৃত্তিকা দ্বারা গন্ধলেপক্ষয় না হইলে, অধিক মৃত্তিকা দ্বারা শৌচকার্য্য করিবে।

মূত্রে শৌচ।

মূত্র-শৌচে লিঙ্গে একবার, বাম হস্তে তিনবার, উভয় হস্তে দুইবার মৃত্তিকা দিবে। পরে পাদদ্বয়ে দুইবার মৃত্তিকা দিয়া, সুন্দর-রূপে প্রক্ষালিত-হস্ত হইয়া দ্বিরাচমন পূর্ব্বক, সনাতন বিষ্ণুকে স্মরণপূর্ব্বক শুদ্ধ হইবে। দিবসে যেপ্রকার শৌচবিধি; রাত্রে তাহার অর্দ্ধ করিতে পারিবে। আতুরে তদর্দ্ধ করিবে। পথিমধ্যে তাহার অর্দ্ধ শৌচ করিবে। যথোক্ত করণে অসামর্থ্যে ঐ প্রকার করিবে রাত্র্যাদি পুরস্কারে ব্যবস্থানয়। পথে পাদশৌচ, পীড়িত ব্যক্তি স্বশক্ত্যনুসারে করিবে। এ দুইয়ের বিরোধ আর্ত্ত অনার্ত্ত দ্বারা পরিহার করিতে হইবে।

যে পর্য্যন্ত উপনয়ন না হয়,সে পর্য্যন্ত দ্বিজ-বালক শূদ্রতুল্য; এ নিমিত্ত দ্বিজবালক, এবং অঙ্গনা, ইহাদিগের গন্ধলেপক্ষয়কর শৌচ বিহিত হইয়াছে। বিহিতের অতিক্রম করিলে প্রায়শ্চিত্ত প্রসক্তি হয়। শৌচাচার-বিহীন ব্যক্তির সকল ক্রিয়া নিষ্ফল হয়।

বাহ্য-আন্তর ভেদে শৌচ দুই প্রকার; মৃত্তিকা এবং জলদ্বারা বাহ্য শৌচ, এবং ভাব-শুদ্ধি—আন্তর শৌচ। বহু গঙ্গাজলদ্বারা এবং পর্ব্বতোপম মৃত্তিকা-ভার দ্বারা মৃত্যুকাল পর্য্যন্ত স্নাতক হইলেও ভাব-দুষ্ট ব্যক্তি শুদ্ধ হয় না।

বেগে গমনকর্ত্তাকে, প্রমত্তকে, মূত্রকৃৎ মলকৃৎব্যক্তিকে, ভোজন কর্ত্তাকে, আচমনার্হ জনকে, নাস্তিক ব্যক্তিকে, অভিবাদন করিবে না। জন্মাবধি চিত্তদ্বারা যে কিছু ধর্ম্ম আচরণ

করিয়াছে, তাহা একহস্ত প্রণাম দ্বারা সকল নষ্ট হয়।

যে স্থানে শৌচকৃত হইবে, জলদ্বারা সে স্থানকে শোধন করিবে; যে ব্যক্তি স্থান শোধন না করে, তাহার শুদ্ধি হয় না।

শৌচানন্তর গোময় বা মৃত্তিকাদ্বারা কমণ্ডলুকে মার্জ্জন করিয়া, পূর্ব্বের ন্যায় আচমনপূর্ব্বক সূর্য্য চন্দ্র অগ্নিকে যথাসম্ভব দর্শন করিবে।

দৈবকার্য্যে প্রথম পূর্ব্বমুখে অথবা উত্তরমুখে অবস্থিত হইয়া, ত্বরারাহিত্যে পাদদ্বয় প্রক্ষালন করিবে। পিতৃকার্য্যে দক্ষিণামুখ হইয়া পাদদ্বয় প্রক্ষালন করিবে। দৈব পৈতৃক ভিন্ন কার্য্যে, পশ্চিমাভিমুখ হইয়া পাদপ্রক্ষালন করিবে। প্রথমে বামপাদ প্রক্ষালন, পরে দক্ষিণপাদ প্রক্ষালন করিবে।

পাদপ্রক্ষালনের নিমিত্ত ব্রাহ্মণ ব্রাহ্মণকে প্রথমে দক্ষিণ পাদ, শূদ্রকে প্রথমে বাম পাদ দিবেন। স্বয়ং প্রক্ষালনে প্রথমে বাম পাদ।

শৌচকার্য্য করিয়া অনন্তর মৃত্তিকা জলাদি দ্বারা, পাদদ্বয় হস্তদ্বয় প্রক্ষালনানন্তর নিবদ্ধ-শিখ এবং উপবিষ্ট হইয়া দ্বিজ, উপবীতকে বামস্কন্ধে ধারণপূর্ব্বক, বাক্য মনঃশরীর সংযত হইয়া আচমন করিবেন। এইপ্রকার জলদ্বারা জানু পর্য্যন্ত চরণদ্বয় এবং মণিবন্ধ পর্য্যন্ত হস্তদ্বয় প্রক্ষালন, করিয়া পশ্চাৎ সংযত হইয়া উপবিষ্ট হইবে।

গায়ত্রী দ্বারা শিখা-বন্ধন করিয়া কর্ম্মারম্ভ করিবে। শূদ্রের শিখাবন্ধনে মন্ত্র। "ব্রহ্মবাণী সহস্রাণি শিববাণী শতানি চ বিষ্ণোর্নাম সহস্রেণ শিখাবন্ধং করোম্যহং। গচ্ছন্তু সকলা দেবা ব্রহ্ম বিষ্ণু মহেশ্বরাঃ। তিষ্ঠ ত্বমচলা লক্ষ্মীঃ শিখাযুক্তং করোম্যহং।

আচমন বিধি।

পাদদ্বয় হস্তদ্বয় প্রক্ষালন করিয়া বীক্ষিত, মাসমজ্জ, জল তিনবার পান করিবে; অনন্তর সংবৃত অঙ্গুষ্ঠ-মূলদ্বারা দ্বিবার মুখমার্জ্জন করিবে, মিলিত মধ্যত্রি-অঙ্গুলি দ্বারা মুখস্পর্শ করিবে। অঙ্গুষ্ঠ-প্রদেশিনী দ্বারা ঘ্রাণস্পর্শ করিবে, অনন্তর অঙ্গুষ্ঠ-অনামিকা দ্বারা চক্ষুঃ এবং কর্ণদ্বয় স্পর্শ করিবে, কনিষ্ঠা অঙ্গুষ্ঠ দ্বারা নাভি স্পর্শ করিবে, হস্ততল দ্বারা হৃদয় স্পর্শ করিবে; সর্ব্বাঙ্গুলি দ্বারামস্তক স্পর্শ করিবে, বাহুদ্বয় অঙ্গুল্যগ্র দ্বারা স্পর্শ করিবে। শুচিদেশে উত্তরাস্য অথবা পূর্ব্বাস্য কিম্বা ঈশানাস্য উপবিষ্ট হইয়া, জানুদ্বয়ের মধ্যে করদ্বয় করিয়া ব্রাহ্ম্যতীর্থ দ্বারা দ্বিজ আচমন করিবেন। আচমন-জল হৃদয়গত পান করিবার নিয়ম।

কনিষ্ঠাঙ্গুলি-মূলে প্রজাপতি তীর্থ, তর্জ্জনী-বৃদ্ধাঙ্গুষ্ঠ মধ্যে পিতৃতীর্থ। বৃদ্ধাঙ্গুষ্ঠমূলে ব্রাহ্ম্য-তীর্থ। অঙ্গুল্যগ্র দৈবতীর্থ।

স্ত্রী এবং শূদ্র দেবতীর্থদ্বারা আচমন করিবে, শূদ্রজাতি, স্ত্রীজাতি সকৃৎ আচমন দ্বারা শুদ্ধ হইবে। ফেণ, বুদ্‌বুদবর্জ্জিত প্রকৃতিস্থ আচমনীয় জল ব্রাহ্মণের হৃদগত, ক্ষত্রিয়ের কণ্ঠগত, বৈশ্যের তালুগত হইলে, আচমন সিদ্ধ হইবে। শূদ্র এবং স্ত্রী ওষ্ঠপ্রান্তগত হইলেই শুদ্ধ হইবে। অনুপনীত-বালক, এবং স্ত্রী,শূদ্রের ন্যায় আচমন করিবে।

পাদপ্রক্ষালনকৃত শেষ-জল দ্বারা আচমন করিবে না। যদি কোন প্রকারে সেই জলে আচমন করা আবশ্যক হয়, তবে ভূমিতে জল ফেলিয়া আচমন করিবে। কাংস্য, লৌহ, ত্রপু (রাং), সীসক, পিত্তল এই সকল পাত্রে শতবার আচমন করিলেও কদাচিৎ শুচি হয় না। কাহারও কাহারও মতে কাংস্য, ত্রপু, সীসক এবং পিত্তল পাত্র লৌহ-সংযোগে আচমনে নিষিদ্ধ। শুদ্রানীত, অশুচি ব্যক্তি কর্ত্তৃক আনীত, একহস্তানীত জলে আচমন করিবে না।

রাত্রে অবীক্ষিত জলদ্বারা এবং উষ্ণপায়ী আতুর ব্যক্তি উষ্ণজলদ্বারা আচমনে শুচি হইবে। আচমন সময়ে, গোকর্ণাকৃতি হস্ত এবং পর্ব্ব সকলকে আয়ত করিয়া সংহত অঙ্গুলি-হস্তদ্বারা দ্বিজ জল, গ্রহণানন্তর অঙ্গুষ্ঠ কনিষ্ঠকে মোচন করিয়া, মাসমজ্জনমাত্র সংগ্রহানন্তর তিনবার জলপান করিবে।

সপবিত্র (কুশ) হস্তদ্বারা আচমন করিবে; সে পবিত্র উচ্ছিষ্ট হয় না, এবং ভুক্তোচ্ছিষ্ট

পবিত্রকে বর্জ্জন করিবে। যে পবিত্রের গ্রন্থি আছে, তদ্দ্বারা আচমন করিবে না।

গমনকারী, শয়ান, কম্পমান, পরব্যক্তিকে স্পর্শকারী, হাস্যকারী, সংজল্পকারী স্বহৃদয় দর্শনকারী হইয়া আচমন করিবে না। কেশ, নীবি (কটিবন্ধ অধোবস্ত্র), নাভির অধঃশরীর, ভূমি,—এ সকল স্পর্শ করিয়া আচমন করিবে না। দৈবাৎ স্পর্শ হইলে করপ্রক্ষালন করিবে।

প্রেতকার্য্য ভিন্ন স্থলে, একবস্ত্র হইয়া আচমন করিবে না। এবং অধঃপরিধান বস্ত্রের এক দেশ দ্বারা উত্তরীয় করিবে না।

বহির্জানুকর, ত্বরাযুক্ত, উত্থিত, পাদুকাস্থ এবং অমনোযোগী, না হইয়া আসনস্থ, শুচি এবং প্রযত-মানস হইয়া, দ্বিজ আচমন করিলে শুদ্ধ হইবেন।

জল স্থল উভয়স্থানে কর্ম্মানুষ্ঠান করিতে হইলে, জলস্থলৈকচরণ হইয়া আচমন করিবে। জলে আর্দ্র-বাসা হইয়া তর্পণ, আচমন, জপ করিবে। জলে জানুর ঊর্দ্ধ জলস্থিত হইয়া আচমন করিবে।

স্নান, আচমন, হোম, ভোজন, দেবতার্চ্চন বেদপাঠ, পিতৃতর্পণ, প্রৌঢ়পাদ হইয়া করিবে না। আসনারূঢ় পাদতল এবং বস্ত্রাদিদ্বারা কৃত পৃষ্ঠ-জানু-জঙ্ঘা বন্ধকে প্রৌঢ়পাদ বলে। অনেকোদ্বাহ্য কাষ্ঠ এবং শিলা ও সংকীর্ণীকৃত ইষ্টকাসকল ভূমি সমান এই বৌধায়নের বচনহেতু ইহাতে অর্পিতপাদ হইয়া পূর্ব্বোক্ত স্নান আচমনাদি করিতে পারিবে।

মস্তক বা কণ্ঠকে আবরণ করিয়া, মুক্তকচ্ছ মুক্তশিখ হইয়া, বা পাদদ্বয়ের শৌচ না করিয়া, আচমন করিলে আচান্ত ব্যক্তিও অশুচি হয়। হস্তনখাগ্রস্থিত জলে যে দ্বিজ আচমন করেন, সেই জল সুরাপান তুল্য হয়।

নিষ্ঠীবন, অভ্যঙ্গ, পাদাবসেচন, উচ্ছিষ্ট জনের সংভাষ, অশুচি জল, এবং উপহত ব্যক্তির সংভাষ নিমিত্ত অশুচিত্ব সন্দেহ হইলে এই সকল বিষয়ে যজ্ঞোপবীত ব্যতিরেকে শিখামোচন করিয়া বস্ত্র পরীধান পূর্ব্বক নিত্য আচমন করিবে। উষ্ট্র বায়স স্পর্শনে এবং চাণ্ডালাদি দর্শনে ও পূর্ব্বোক্ত আচমনাদি করিবে।

দেবতা দর্শনার্থ গমন কামব্যক্তি, স্ত্রী, শূদ্র, উচ্ছিষ্টজন-সংভাষণ হইলে, মূত্রপুরীষোৎসর্গ দর্শন করিলে, আচমন করিবে। উচ্ছিষ্ট-মানব এবং উচ্ছিষ্ট ভোজ্য স্পর্শ করিলে উক্তরূপ বস্ত্র ত্যাগ ও হস্তপাদদ্বয় প্রক্ষালনপূর্ব্বক আচমন করিলে, শুদ্ধ হইবে। স্নান পান, ভোজনানন্তর, ক্ষুত ও সুপ্তোত্থিত হইয়া রথ হইতে উপসর্পণের পর আচান্ত ব্যক্তিও বস্ত্রপরিত্যাগ পূর্ব্বক পুনর্ব্বার আচমন করিবে। হোমে, ভোজনকালে, উভয় সন্ধ্যাতে আচান্ত ব্যক্তি দ্বিরাচমন করিয়া, সনাতন বিষ্ণুকে স্মরণানন্তর শুদ্ধ হয়। কর্ম্মস্থ ব্যক্তি ক্ষুতে নিষ্ঠীবিতে এবং সুপ্তে কিম্বা বস্ত্রান্তর পরিধানে, কি অশ্রুপাত হইলে,—এই সকল কর্ম্মে আচমন না করিয়া, দক্ষিণ কর্ণ স্পর্শ করিবে। আদিত্যগণ, বসুগণ, রুদ্রগণ, বায়ু অগ্নি ধর্ম্মরাজ এই—সকল দেবতা ব্রাহ্মণের দক্ষিণ কর্ণে নিত্য অবস্থান করেন। প্রভাসাদি তীর্থ সকল গঙ্গাদি সরিৎসকল, বিপ্রের দক্ষিণ কর্ণে বাস করেন। আচমন, গো-পৃষ্ঠ স্পর্শ, সূর্য্যদর্শন, দক্ষিণ কর্ণ স্পর্শ যথাসম্ভব করিবে; পূর্ব্ব পূর্ব্ব অভাবে পরকল্প করিতে হইবে; পূর্ব্ব বিদ্যমানে পরপ্রাপ্তি ইষ্ট নহে। যে নাস্তিক মোহপ্রযুক্ত আচমন না করিয়া কর্ম্ম করে, তাহার সকল ক্রিয়া বৃথা হয়, এ বিষয়ে সংশয় নাই।

দন্তধাবন।

মুখ পর্য্যুষিত থাকিলে মনুষ্য নিত্যই অপ্রযত হয়; সেই হেতু সর্ব্বপ্রযত্ন দ্বারা দন্তকাষ্ঠ 'ভক্ষণ' করিবে। গন্ধ, অলঙ্কার, প্রশস্তবস্ত্র, পুষ্পমাল্য, অনুলেপন, দন্তধাবন এবং অঞ্জন, উপবাস দিনে দুষ্য হয়। পাদদ্বয়ের অভ্যঙ্গ, শিরোঽভ্যঙ্গ, তাম্বূল, অনুলেপন,—সকল প্রকার ব্রতেই বর্জ্জ্য। যে মনুষ্যের পর্য্যুষিত দুর্গন্ধযুক্ত মুখ, সে পূয়শোণিতে সম্যক্‌পূর্ণ এবং কফপিত্তসমন্বিত পাপী হয়। শ্রাদ্ধদিনে, জন্মদিবসে, বিবাহে, অজীর্ণসম্ভবেতে, ব্রতেতে, উপবাস-

দিনে দন্তধাবন বর্জন করিবে। প্রাঙ্মুখ অথবা উদঙ্মুখ হইয়া দন্তধাবন করিবে। জিহ্বার যত্নে রসবর্জ্জিত দন্তলগ্ন বস্তু উদ্ধৃত না হইলে দন্তলগ্ন দন্তবৎ হয়। দন্তলগ্ন চ্যুত হইলে লালাবৎ হয়। উত্থিত হইয়া নেত্রদ্বয় প্রক্ষালন পূর্ব্বক শুচি এবং সমাহিত হইয়া দ্বিরাচমন দ্বারা মন্ত্র পাঠ পূর্ব্বক অপাটিত, সত্বক্ দন্তকাষ্ঠ গ্রহণ করিয়া ভক্ষণ করিবে। মন্ত্র—"আয়ুর্বলং যশোবর্চ্চঃপ্রজাঃ পশুবসূনিচ। ব্রহ্মপ্রজ্ঞাং চ মেধাঞ্চ ত্বন্নোধেহি বনস্পতে।"

কণ্টক বৃক্ষজ দন্তকাষ্ঠ পুণ্যকর; ক্ষীরিবৃক্ষজাত দন্তকাষ্ঠ যশস্বী। কনিষ্ঠাগ্র-সম-স্থূল এবং দলিতাগ্রভাগ দ্বাদশাঙ্গুল পরিমাণ দন্তকাষ্ঠ প্রাতঃকালে যতবাক্ হইয়া ভক্ষণপূর্ব্বক সমাহিত হইয়া শুচিদেশে তাহাকে ত্যাগ করিবে। দন্তধাবন বিষয়ে বিহিত কাষ্ঠ,—খদির, কদম্ব, করঞ্জ, বট, তিন্তিড়ী, বেণুপৃষ্ঠ, আম্র, নিম্ব, অপামার্গ, বিল্ব, অর্ক, উডুম্বর,—এই সকল কাষ্ঠ দন্তধাবনে প্রশস্ত। তিক্ত, কষায়, কটু, সুগন্ধি, কণ্টকবৃক্ষ, ক্ষীরিবৃক্ষ, গুল্ম এই সকল কাষ্ঠজাত দন্তধাবন পর্ব্ব ভিন্ন দিবসে 'ভক্ষণ' করিবে। চতুর্দ্দশী, অমাবস্যা পূর্ণিমা, অষ্টমী, সংক্রান্তি—এই পঞ্চপর্ব্বদিনে স্ত্রী, তৈল, মাংস, সংভোগী জন মৃত হইয়া বিন্মূত্র ভোজন নামক নরকে গমন করে। প্রতিপৎ অমাবস্যা ষষ্ঠি নবমী এই সকল তিথিতে কাষ্ঠদ্বারা দন্তধাবন করিলে, কর্ত্তা অবধি সপ্তকুল দগ্ধ হয়; কিন্তু এই কয় দিনে পত্রদ্বারা দন্তধাবন বিধি আছে। দন্তকাষ্ঠের অলাভে এবং নিষিদ্ধ দিনে, দ্বাদশ জলগণ্ডুষ দ্বারা মুখশুদ্ধি করিবে। জিহ্বামার্জ্জন সকল তিথিতে করিবে। গুবাক্, তাল, হিন্তাল, তাড়ী (তেরেট বৃক্ষ), কেতকী- খর্জ্জুর, নারিকেল—এই সাতটী তৃণরাজ, ইহাদের শিরা অথবা পত্রদ্বারা যেব্যক্তি দন্তধাবন করে, সেব্যক্তি তাবৎকাল পর্য্যন্ত চণ্ডাল হইয়া থাকে, —যেপর্য্যন্ত গো দর্শন না করে। ইষ্টক, লোষ্ঠ, পাষাণ দ্বারা এবং অনামা অঙ্গুষ্ঠ ব্যতিরেকে অন্য অঙ্গুলি দ্বারা দন্তধাবন করিবে না। তৃণ, অঙ্গার, কপাল (গ্লানিযুক্ত কুড়েলাগা কোন বস্তু), প্রস্তর, বালুকা, লৌহ, চর্ম্ম এই সকল দ্বারা যাহারা দন্তধাবন করে, তাহারা পুরুষাধম। মধ্যাহ্ন স্নানকালে যে ব্যক্তি দন্তধাবন করে, তাহার পিতৃগণের সহিত দেবগণ নিরাশ হইয়া গমন করেন। বমনকারী, জৃম্ভমান দন্তধাবনকারী, অভ্যক্ত শিরস্ক, স্নানকারী ব্যক্তিকে অভিবাদন করিবে না। দেবতা সকল শুচি ব্যক্তিকে রক্ষা করেন। পিতৃগণ শুচি জনের অনুগত হন। শুচি হইতে রাক্ষসগণ এবং দুষ্টচারিগণ ভয় পায়। শৌচভ্রষ্ট ব্যক্তির স্নান, দান, তপস্যা, ত্যাগ, মন্ত্র, জপ, কর্ম্ম, বিধিবোধিত ক্রিয়া, মঙ্গল-আচার, নিয়ম সমুদয় নিষ্ফল হয়।

যে কাল পর্য্যন্ত রাত্রিবাস পরিধান থাকে, সে পর্য্যন্ত মনুষ্য অপ্রযত। সেই হেতু শুদ্ধিলাভেচ্ছু জন প্রযত্ন দ্বারা রাত্রিবাস ত্যাগ করিবেন। জলৌকা, গূঢ়পাদ (সর্প), কৃমি, গণ্ডুপদাদি (কেঁচো আদি) ইহাদিগকে স্পর্শ করিয়া, এবং কামান্ধ হইয়া, নিত্যকর্ম্ম করিবে না। গুরু কিম্বা ব্রাহ্মণকে আক্ষেপ করিলে, হস্তদ্বারা স্তেয়াদি করিলে, রেত পতন এবং অশ্রুপাত হইলে, ক্ষুরকর্ম্মে এবং মৈথুন করিলে, ধূমোদ্গার ও বমন হইলে নিত্যকর্ম্ম ত্যাগ করিতে হইবে। ঔষধ ব্যতিরেকে জলপান, পত্র পুষ্প, তাম্বুল কণাদি (পিপ্পলি পর্য্যন্ত) এবং ফল ভোজন করিলে কাম্য-নৈমিত্তিকের সহিত নিত্যক্রিয়া নিবর্ত্তিত হইবে।

অথ প্রাতঃস্নান এবং সন্ধ্যা।

দন্তধাবনের পরে সংক্ষেপে প্রাতঃস্নান করিয়া সন্ধ্যা করিবে। দিবসে যে প্রকার স্নান করিতে হয়, অরোগী ব্যক্তি দন্তপ্রক্ষালন করিয়া নদ্যাদিতে সমন্ত্র, গৃহে মন্ত্ররাহিত্যে (সেই প্রকার প্রাতঃস্নান করিবে। প্রাতঃস্নায়ী জন অরুণ-কিরণ-ব্যাপ্ত পূর্ব্বদিক্‌কে অবলোকন করিয়া স্নান করিবে। চাণ্ডালাদি দর্শনে দৃষ্টদোষ নাশের নিমিত্ত স্নান করিয়া মৃত্তিকাতিলক এবং হোম করিয়া ভস্মদ্বারা তিলক করিবে; এবং কর্ম্মের আরম্ভে তিলক করিবে; সেই তিলকধারী পরম বৈষ্ণবরূপ। গোদান, তপস্যা, হোম, স্বাধ্যায়,

পিতৃতর্পণ—এ সমুদয় ঊর্দ্ধপুণ্ড্র ব্যতিরেকে কৃত হইলে ভস্মীভূত হয়। মৃত্তিকাদির অভাব হইলে, জলদ্বারা ঊর্দ্ধপুণ্ড্র করিয়া দেবাদি অর্চ্চনা করিবে। তিলকধারণে অঙ্গুষ্ঠ পুষ্টিবৃদ্ধিকরী, মধ্যমা আয়ুর্বৃদ্ধিকরী, অনামিকা অর্থপ্রদা, প্রদেশিনী মুক্তিদাত্রী হয়েন। যে ব্যক্তি গঙ্গা-তীরসম্ভূতা মৃত্তিকা মস্তকে ধারণ করেন, তিনি সূর্য্যরূপধারী হইয়া কেবল অন্ধকার নাশের নিমিত্ত হয়েন। গোমতীতীরসম্ভূতা গোপী-দেহোদ্ভবা মৃত্তিকা, যে ব্যক্তি মস্তকদ্বারা বহন করেন, তিনি সর্ব্বপ্রকার পাপ হইতে বিমুক্ত হন। দ্বিজগণ ঊর্দ্ধপুণ্ড্র মৃত্তিকাদ্বারা, ভস্মদ্বারা ত্রিপুণ্ড্র, যদৃচ্ছাপ্রাপ্ত চন্দন দ্বারা তিলক করিবেন। ব্রাহ্মণ ঊর্দ্ধপুণ্ড্র করিবেন, ক্ষত্রিয়-গণ ত্রিপুণ্ড্র ; বৈশ্য অর্দ্ধচন্দ্র ; শূদ্র বর্ত্তুলাকার তিলক করিবেন।

তিলকানন্তর সন্ধ্যা করিবেন। স্নানাসক্ত আতুর কর্ম্মিগণের অশিরস্কস্নান অথবা আর্দ্রবস্ত্র-দ্বারা দৈহিক মার্জ্জন বিধেয়। ইহার পরে প্রাতঃসন্ধ্যা করিবে।

প্রথম যামার্দ্ধ কৃত্য।

সন্ধ্যাকর্ম্মের অবসানে সাগ্নিক ব্রাহ্মণ হোম করিবেন ; সাগ্নিক হোমের পর এবং নিরগ্নিক সন্ধ্যার পর, দৈবকার্য্য করিয়া গুরু এবং মঙ্গলকর দ্রব্য দর্শন করিবেন। আচান্ত হইয়া কেশ প্রসাধন, অঞ্জনলেপন আদর্শ ও মাঙ্গল্য দর্শন, দূর্ব্বাপুষ্পাদি চয়ন, ঘৃতে স্বদেহ দর্শন, চিরজীবিতাকাঙ্ক্ষী ব্যক্তি করিবেন। ইহলোকে মঙ্গল অষ্ট সংখ্যক ; ব্রাহ্মণ, গো, হুতাশন, হিরণ্য, ঘৃত, সূর্য্য, জল এবং রাজা। যতি সকলের দর্শন, স্পর্শন ও ভ্রমণ করিলে মানব পবিত্র হয় ; সেইহেতু উহাঁদিগকে নিত্যই দর্শনাদি করিবে। প্রচণ্ড বায়ু আঘাতে এবং মেঘ সকল শব্দ করিলে, যে ব্যক্তি ভীত হইয়া উত্তরমুখ অথবা দক্ষিণমুখ হইয়া 'জৈমিনী' এই শব্দ পাঠ করিবে, সে ব্যক্তির বিদ্যুৎ সম্বন্ধীয় ঘোর ভয় হইবে না। যে ব্যক্তি শিবারব শ্রবণ করিয়া সাধক হইয়া শুভপ্রদা শিবদূতীকে প্রণাম করিবে, তাহার কামনা সকল সিদ্ধ হইবে। বিভীতক, অর্ক, করঞ্জ, স্নুহী এই সকল বৃক্ষের, এবং স্তম্ভ, দীপ, ও মনুষ্য অন্যপ্রাণির ছায়া আশ্রয় করিবে না। বিদ্বেষার্হ পতিত, উন্মত্ত, বহুবৈর, কটুভাষী, কুলটা, বেশ্যাসক্ত, নটী, মিথ্যাবাদী, অতিব্যয়শীল, পরিবাদরত, শঠ ইহাদিগের সহিত জ্ঞানী ব্যক্তি মৈত্রতা এবং একপথ আশ্রয় করিবে না। অসম্বৃত অর্থাৎ অনাচ্ছাদিত মুখ হইয়া জৃম্ভণ করিবে না ; ঐ প্রকারে হাস্য এবং কাশী বর্জ্জন করিবে। উচ্চৈ হাস্য এবং উচ্চ শব্দে অধোবায়ু মোচন করিবে না ; অসমঞ্জস স্বভাবাপন্ন ব্যক্তির সহিত একত্রিত উপবেশন করিবে না। সদ্বৃত্ত জনের সন্নিকর্ষ ক্ষণার্দ্ধকাল হইলেও প্রশস্ত। নখদ্বারা নখবাদ্য, তৃণচ্ছেদন এবং ভূমিলিখন করিবে না, দন্তদ্বারা শ্মশ্রু দংশন করিবে না। পরহিতাকাঙ্ক্ষীজন একপাণি দ্বারা চক্ষুঃস্পর্শ করিবে না।

দ্বিতীয় যামার্দ্ধকৃত্য।

দ্বিতীয় যামার্দ্ধে বেদাভ্যাস বিহিত আছে। ব্রাহ্মণগণের বেদাভ্যাস পরম তপস্যা। বেদা-ভ্যাস শব্দে ষড়ঙ্গ সহিত ব্রহ্মযজ্ঞ ও মন্ত্রপাঠ জানিতে হইবে। বেদস্বীকরণ, বিচার, অভ্যাস, জপ, শিষ্যকে বেদদান—এই পঞ্চপ্রকার বেদা-ভ্যাস। বেদ, বেদাঙ্গ, স্মৃতি ভিন্ন শাস্ত্র অধ্য-য়ন করিবে না। শিক্ষা, কল্প, ব্যাকরণ, ছন্দঃ শাস্ত্র, জ্যোতিষ, নিরুক্ত, এই ছয় বেদের অঙ্গ। ধর্ম্মসংহিতা শাস্ত্র, স্মৃতি। ধনপ্রয়োগে, কার্য্যে, বিদ্যাগমে, আহারে এবং ব্যবহারে সর্ব্বদা ত্যক্তলজ্জ হইবে। বিদ্যা দ্বারা যে গতি লাভ হয়, সেই গতি দান,—তপস্যা, যজ্ঞ, উপবাস, ব্রত এই সকল দ্বারা প্রাপ্ত হওয়া যায় না। স্বাধ্যায়ের তিন প্রকার ভেদ যথা, বাচিক, উপাংশু, এবং মানস। আদি শব্দে গ্রন্থকরণ বিদ্যাদান প্রকার।

সংস্কৃত, প্রাকৃত এবং দেশভাষাদি অনুরূপ উপায় দ্বারা শিষ্যকে যিনি বোধ করান, তিনি

গুরু বলিয়া কথিত। বেদার্থ, ধর্ম্মশাস্ত্র, যজ্ঞশাস্ত্র, মূল্যদ্বারা লেখাইয়া যিনি দান করেন তাঁহাকে বৈদিক বলা যায়; অথবা তিনি স্বর্গ গমন করেন। ইতিহাস এবং পুরাণ সকল লিখিয়া যিনি দান করেন, তিনি দ্বিগুণীকৃত বেদ দান সম পুণ্যলাভ করেন।

লিপিজ্ঞ, লেখক প্রাতঃকালে পূর্ব্বাস্য উপবিষ্ট হইয়া, শুভনক্ষত্রযুক্ত দিবসে, শুভগ্রহ বারে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বরকে পূজা করিয়া লিখিবে। মসী এবং পত্রধারণে বাহুদ্বয় নিরোধ করিতে হইবে। সম অথচ শীর্ষোপেত এবং সুসম্পূর্ণ ও সমশ্রেণীগত অক্ষর সকলকে যিনি লেখেন, তিনিই শ্রেষ্ঠ লেখক বলিয়া কথিত। বিদ্যার্থী ব্যক্তিকে অধীত-বিদ্যার দান আবশ্যক। যে ব্যক্তি অধ্যয়ন করিয়া বিদ্যাদান না করেন, তিনি কার্য্যহানিকারী হয়েন এবং নিজের মঙ্গলদ্বারকে আবরণ করেন। প্রশস্ত শব্দসংযোগ স্থলে নিত্য পাঠ বিরাম করিবে। যেস্থলে এইরূপ অধ্যয়ন, অধ্যাপনাতে অশ্রুত ব্যাখ্যা সুশ্রুত হইবে সেখানকার লোক সকল, ধর্ম্মে প্রবর্ত্তিত, রাজা সর্ব্বদা জয়বিশিষ্ট, অধ্যাপক রোগশূন্য, ধন সম্পন্ন ও ধর্ম্মবান্ হইবেন। অধ্যাপক এই প্রকার বিভাবিত দ্বারা জ্ঞাত এবং পরম্পরা আম্নাত শাস্ত্রার্থ শিষ্যকে কহিয়া বিচক্ষণ শিষ্টগণের সহিত কথাপ্রসঙ্গ দ্বারা নানা ব্যাখ্যান ভাষা দ্বারা, স্বকৃত চিহ্ন এবং যুক্তি দ্বারা, শাস্ত্রার্থ চিন্তা ও ব্যাখ্যা স্মরণ করিবেন এবং প্রত্যহ নিযত হইয়া ব্যাখ্যা শ্রবণ করিবেন। যাঁহারা পুত্রের নিকট অধ্যয়ন করেন, তাঁহারা শ্বভোজন নামক নরকে পতিত হন। যে শিষ্য নিত্য গুরুকে পূজা করেন তাঁহার সম্বন্ধে বিদ্যা প্রসন্ন হন। সেই বিদ্যাপ্রসাদে সেব্যক্তি সর্ব্বসম্পত্তি লাভকরে। যে গুরু এক মাত্র, অক্ষর যে শিষ্যকে প্রদান করেন পৃথিবীতে এমত কোন দ্রব্য নাই, তাহা দিয়া সেই শিষ্য গুরুর নিকট, অঋণী হইতে পারেন। যে ব্যক্তি এক গুরুর নিকট হইতে শাস্ত্র অধ্যয়ন এবং শুভ সংস্কার লাভ করিয়া, অন্য গুরুর কীর্ত্তি জন্মাইয়া দেয়, সে ব্রহ্মহত্যার পাপী হয়। যেব্যক্তি উত্তম শাস্ত্র অধ্যয়ন করিয়া মূঢ়ত্ব প্রযুক্ত বিস্মৃত হয়, সেব্যক্তি ভীমদর্শন অক্ষয় নরক প্রাপ্ত হয়। যেব্যক্তি বেদাধ্যায়ী ব্রাহ্মণ হইতে অনন্তজ্ঞাতবেদ অধ্যয়ন করে, সে ব্যক্তি ব্রহ্মস্তেয়—(বেদচৌর্য্য)সংযুক্ত হইয়া,নরক প্রাপ্ত হয়। যেব্যক্তি বিদ্যা প্রাপ্ত হইয়া তদ্দ্বারা কেবল জীবিকা নির্ব্বাহ করে এবং যেব্যক্তি বিদ্যাদ্বারা পরের যশ নষ্ট করে, তাহাদিগের সেই বিদ্যা পরলোকে ফলপ্রদা হয় না। ইষ্ট, দত্ত বস্তু এবং অধীত বিদ্যাবৃথা অনুকীর্ত্তন দ্বারা বিনাশ প্রাপ্ত হয়, সেই হেতু ইষ্ট দান এবং অধ্যয়ন করিয়া আত্মশ্লাঘা, অনুশোচন এবং অনুকীর্ত্তন করিবে না; এ সকল করিলে ফলজনক শক্তিহীন হয়। ধর্ম্ম কামার্থ ইচ্ছুক যে ব্যক্তি অধ্যাপককে বৃত্তি দিয়া দ্বিজ সকলকে অধ্যয়ন করান্, তাঁহার পৃথিবীর মধ্যে সকল বস্তুই দান করা হয়। যজ্ঞার্থ কাষ্ঠ, পুষ্প কুশাদি ব্রাহ্মণ স্বয়ং আহরণ করিবেন; শূদ্রানীত এবং ক্রীত দ্বারা কর্ম্ম করিলে অধঃপতন হয়। অন্য ব্রাহ্মণ দ্বারা আনীত হইলে নিষিদ্ধ হইবে না। পুষ্প, ধূপ, নৈবেদ্য স্বকীয় যাচ্ঞা ব্যতিরেকে ক্রীত হইলে নিষিদ্ধ নহে।

তৃতীয় যামার্দ্ধকৃত্য।

তৃতীয় যামার্দ্ধে মাতা, পিতা, গুরু, ভার্য্যা, সন্তান, দীন, আশ্রিত, অভ্যাগত, অতিথি, অগ্নি, ইহারা পোষ্যবর্গ,—ইহাদিগকে ভরণ করিবে। এই পোষ্যবর্গের ভরণ জীবের স্বর্গসাধন। ইহাদিগের পীড়নে নরক প্রাপ্তি হয়; এই হেতু সযত্নে পোষ্যবর্গকে ভরণ করিবে। বৃদ্ধ পিতা মাতা, সাধ্বী ভার্য্যা, শিশুসন্তান, ইহাদিগকে শত অকার্য্য করিয়াও ভরণ করিবে। অধ্যয়ন, অধ্যাপনা, যজন, যাজন, দান, প্রতিগ্রহ ব্রাহ্মণের এই ষট্ কর্ম্ম। এই ষট্ কর্ম্ম মধ্যে বিশুদ্ধ ব্যক্তিকে যাজন এবং অধ্যাপন ও অনিন্দিত প্রতিগ্রহ এই তিনটী জীবিকা। অপর তিনটী তপস্যা। কৃষি, গোরক্ষা, বাণিজ্য কুসীদ স্বয়ং না করিয়া অন্য দ্বারা কৃত হইলে

এবং আপৎকালে স্বয়ং করিলে, দ্বিজ পাপযুক্ত হইবেন না। লব্ধ লাভ হইলে পিতৃগণ দেবগণ এবং ব্রাহ্মণগণকে ভোজন করাইবে; ইহাঁরা তৃপ্ত হইলে সেই দোষ উপশম হইবে সংশয় নাই। বণিক-কুষীদী,—বস্ত্র, গো, কাঞ্চন দান করিবেন। কৃষীবল,—অন্ন পানীয় দ্রব্য, যান, শয্যা, আসন দান করিবেন। পণ্য হইতে বিংশতি অংশ দান; পশু স্বর্ণাদি ব্যবসা হইতে শতাংশ দান এবং ব্রাহ্মণগণের পূজা করিলে বণিক্ কুষীদী নির্দোষ হইবেন। রাজাকে ষষ্ঠভাগ, দেবতাদিকে বিংশতিভাগ, বিপ্রগণকে ত্রিংশৎভাগ দান করিলে কৃষিকারী দোষভাগী হইবে না। কৃষিকার্য্যে অষ্টাগব হল,—ধর্ম্ম হল। জীবিতার্থী ব্যক্তিগণের ষড়্গব, নৃশংশগণের চতুর্গব, ব্রহ্মঘাতিগণের দ্বিগব। বার্দ্ধুষিক-ব্রাহ্মণ,—খাদককে শত কার্ষাপণ ঋণ দিয়া মাসিক বিংশতিপণ অথবা দুই কাহন লইবেন,—এই সংধর্ম্ম। আপৎকাল ভিন্ন সময়ে যে ব্যক্তি পূর্ব্বোক্ত নিয়ম অতিক্রম করিয়া স্বয়ং কিম্বা অন্য দ্বারা স্বেচ্ছাচারী হইয়া ব্যবহার করে সে ব্যক্তি প্রায়শ্চিত্তার্হ। আপৎকালে স্বয়ং করণে এবং নিয়ম উল্লঙ্ঘন করণে দোষ হয় না। শূদ্রের দ্বিজসেবা মুখ্যধর্ম্ম। বিবিধ শিল্প এবং কৃষ্যাদি দ্বারা শূদ্রগণ জীবিকা নির্ব্বাহ করিতে পারিবে। বালগবাদিগকে দমন করিবেনা এবং বাহনাদি করাও প্রশস্ত নহে। বাহপশুসকলের পুংস্ত্ব নষ্ট করিবেনা। বৃদ্ধ, জীর্ণ, ব্যাধিযুক্ত পশুদিগকে শকটাদিতে যুক্ত করিবেনা। ক্লীব গোকে এবং স্ত্রী গবীকে হলাদিতে যোগ করিবেনা; স্ত্রীগবীকে ভারদ্বারা পীড়াপ্রদান করিবে না।

উপার্জ্জিত অর্থের অর্দ্ধদ্বারা আত্ম ভরণ এবং নিত্যনৈমিত্তিক কার্য্য করিবে; পাদদ্বারা পারলৌক্য ধর্ম্ম সঞ্চয় করিবে; তদর্দ্ধ মূলধন করিবে; অপর পাদার্দ্ধকে বৃদ্ধি করিবে। যে ব্যক্তি যাহার অর্থ ভোগ করিবে, সে ব্যক্তি তাহার পরিতোষজনক কর্ম্ম নির্ব্বাহ করিবে। সমর্থ শূদ্র, ধনসঞ্চয় করিবে না। শূদ্র মদ্য, মাংস বিক্রয়, অভক্ষ্য ভক্ষণ (গোমাংসাদি) অগম্যা গমন (ভগিন্যাদি গমন) করিলে তৎক্ষণাৎ পতিত হইবে। কপিলা-দুগ্ধ পান, ব্রাহ্মণী গমন, বেদের অক্ষর বিচার করিলে শূদ্র চাণ্ডালত্ব প্রাপ্ত হয়। মধু, চর্ম্ম, সুরা, লাক্ষা, মাংস এই পাঁচ দ্রব্য ভিন্ন সকল বস্তু বিক্রয় করিলেও শূদ্র দোষভাগী হইবে না। ব্রাহ্মণ লৌহ লাক্ষা লবণ বিক্রয় করিলে, সদ্যই পতিত হইবেন; দুগ্ধ বিক্রয় করিলে তিন দিবসে শূদ্রত্ব প্রাপ্ত হইবেন। ভরণাদিতে অশক্ত হইলে, ঔষধার্থে এবং যজ্ঞার্থে তিল বিক্রয় করিবে; তাহা ধান্য সমান জানিতে হইবে। প্রাণনাশ উপস্থিত হইলে, যে সে স্থানে ব্রাহ্মণ অন্নভোজন করিলে পাপে লিপ্ত হইবেন না। আকাশ যেমন সর্ব্বগত হইয়াও পঙ্কাদিতে লিপ্ত নহেন, ব্রাহ্মণও সেই প্রকার।

অপর জন কর্ত্তৃক রক্ষিত নিধি প্রাপ্ত হইলে রাজাকে দিতে হইবে; ব্রাহ্মণের ব্যতিরেকে নিধি সকল রাজগামী হয়। ব্রাহ্মণ নিধি প্রাপ্ত হইলে শীঘ্রই রাজাকে দিবেন; রাজা কর্ত্তৃক দত্ত হইলে ভোগ করিবেন, রাজাকে নিবেদন না করিলে চৌর্য্য অপরাধ হইবে। ক্রিয়া সকল ধনমূল; অতএব ধন উপার্জ্জন করিবে; সেই ধন রক্ষণ বর্দ্ধন ভোগ বিধিক্রমে করিতে হইবে। অত্যন্ত আপৎকাল উপস্থিত হইলে বৃত্তি অভাবে অতিকৃশ এবং অবসন্নতাপ্রাপ্ত ব্রাহ্মণ নিন্দিত হইতে প্রতিগ্রহ, নিষিদ্ধ অধ্যাপনা, যাজন করিলে দোষী হইবেন না; যেহেতু ব্রাহ্মণ সকল অগ্নি স্বরূপ এবং জলের তুল্য হয়েন। পুত্র দারাদির ভরণ করিতে কষ্টপ্রাপ্ত শূদ্র, দ্বিজ শুশ্রূষা করিতে অসমর্থ হইলে বিবিধ শিল্পাদি রূপ জীবিকা আশ্রয় করিবে। যে সকল কর্ম্ম আচরিত হইলে দ্বিজ সকলের শুশ্রূষা হয়, তাহাই শূদ্রগণের মুখ্য ধর্ম্ম। গারুড়বিদ্যা, শিল্প (চিত্রাদি), বেতন গ্রহণ, সেবা, গোরক্ষা, বিপণি (ক্রয়বিক্রয় এবং বাণিজ্য), কৃষি, সন্তোষ, কুষীদ (বৃদ্ধিজীবিকা), ভৈক্ষ, (ভিক্ষালব্ধ বস্তু) এই দশ প্রকার জীবিকা। কুষীদ কার্য্যে প্রতি মাসে বৃদ্ধির বৃদ্ধি এবং চক্রবৃদ্ধি-দাতাগৃহীতার কামনা-অনুসারে হইতে পারিবে।

চতুর্থযামার্দ্ধকৃত্য।

চতুর্থযামার্দ্ধে স্নানের নিমিত্ত মৃত্তিকা এবং তিল; পুষ্প, কুশাদি আহরণ করিয়া অকৃত্রিম জলে স্নান করিবে। স্নান, হোম, দান না করিয়া যে ব্যক্তি ভোজন করে, সে ব্যক্তি দেব, ঋষি, পিতৃগণের ঋণী হইয়া নরক প্রাপ্ত হয়।

স্নান।

জপ হোমাদি কর্ম্ম স্নান না করিয়া আচরণ করিবে না; যেহেতু শয়ন হইতে উত্থিত নর নানাপ্রকার স্বেদযুক্ত এবং অত্যন্ত মলিন; অতএব প্রাতঃস্নান, বিশেষ শোধনস্বরূপ এবং দৃষ্টাদৃষ্ট ফলপ্রদ; প্রাতঃস্নায়ী পবিত্রদেহ হইয়া জপাদিকার্য্যে অধিকারী হয়েন। অজ্ঞানপ্রযুক্ত, মোহহেতু বা যদি রাত্রে কোন দুষ্কৃত করা হইয়া থাকে তৎসমুদয় প্রাতঃস্নান দ্বারা নাশ হইবে। উষাকালে প্রাতঃস্নান করিয়া দেব ঋষি মনুষ্যাদিকে তর্পণ করিবে। বৈদিক কর্ম্মে বাম হস্তে বহুতর কুশ ধারণ ও দক্ষিণ হস্তে পবিত্র ধারণ করিবে। অন্তর্গর্ভশূন্য চতুষ্পত্র, ত্রিপত্র অথবা দ্বিপত্র অনখচ্ছিন্নকুশকে পবিত্রবলে, কোনমতে দর্ভমাত্রকেও পবিত্রবলে, শ্রীকামীজন সপ্তমী, নবমী এবং পঞ্চপর্ব্ব ভিন্ন দিনে তিল স্নান ও আমলক ম্রক্ষণ করিয়া স্নান করিবে। দেবকার্য্য করিবার সময় ক্রোধ এবং ত্বরা বর্জ্জন করিবে। স্নান, হোম ও ভোজন কালেও ক্রোধ বর্জ্জন করিবে। অশুচি হইয়া যে ব্যক্তি স্নান করিবে সে প্রথমে জলে মৌন হইয়া অবগাহন করিবে; পশ্চাৎ আচমন করিয়া যথাবিধি স্নান করিবে। নাভি মাত্র জলে কেশকে দ্বিধা করিয়া কর্ণনাসিকা রোধপূর্ব্বক তিনবার মজ্জন করিবে। স্রোতজলে, স্রোতোভিমুখে, পুষ্করিণ্যাদিতে এবং গৃহেতে,সূর্য্যাভিমুখ হইয়া স্নান করিবে। আতুরজন, ভুক্তব্যক্তি, জীর্ণবস্ত্র পরিধানকারী, নগ্ন অবসকৃথিক (পৃষ্ঠাবলম্বি বস্ত্রদ্বারা জানু জঙ্ঘ বদ্ধ করিয়া) অলঙ্কৃত হইয়া এবং জলপান করিয়া স্নান করিবে না। পুনঃ পুনর্ব্বার স্নান নিষেধ; এবং অজ্ঞাত জলে, কূলরহিত জলে, অশুচি স্থলে, প্রভূত জলে, নাভির উর্দ্ধ জলে, নাভির অল্প জলে, এবং যে স্থানে কাকাদিকে বলি দেওয়া হয় এমত স্থানে, দ্বার সমীপে, সন্ধ্যাতে, রাত্রিতে, স্নান করিবে না। এক বস্ত্র পরিধান এবং শূচি বিদ্ধ বস্ত্র পরিধান করিয়া স্নান করিবে না। স্নানীয় বস্ত্রদ্বারা এবং হস্তদ্বারা গাত্রাদি মার্জন করিবে না। এক দিনে নানা তীর্থ প্রাপ্তি নিমিত্ত বারম্বার স্নান করিতে পারিবে; তন্ত্রতা প্রসঙ্গে একবার স্নান করিলেও সিদ্ধ হইবে। কুশের অভাবে কাশ অথবা দূর্ব্বা লইলেও কার্য্য সিদ্ধ হইবে। তর্জ্জনী রজত সংযুক্ত, অনামিকা স্বর্ণ সংযুক্ত হইলে কার্য্য করিতে পারিবে। বিদ্যাকরের মতে ব্রাহ্মণ, স্বর্ণযুক্ত অনামাকেও দর্ভ সংযুক্ত করিবেন। রোগী ব্যক্তির চাণ্ডালাদি স্পর্শ হইলেও দোষ হয় না। তীর্থে,বিবাহে, যাত্রাতে সংগ্রামে, দেশ বিপ্লবে, নগর কিম্বা গ্রাম দাহে আপৎ উপস্থিত হইলে, কষ্টেতে, রোগভয়ে, অন্য কর্ত্তৃক পীড়নে, মাতা পিতা, এবং গুরুর আজ্ঞাতে বর্ত্তমান হইয়া নিষিদ্ধ এবং চণ্ডালাদি স্পর্শ হইলে দোষ হয় না। সর্ব্বতীর্থাভিষেক হইতে জ্ঞানির বাক্য পবিত্র ধর্ম্মশ্রবণ সময়ে ধর্ম্ম বক্তাকে বেদব্যাস বলিয়া জানিতে হইবে। স্নান করিতে অশক্ত কর্ম্মাসক্ত আতুর ব্যক্তি অশিরস্ক স্নান অথবা আর্দ্রবস্ত্র দ্বারা দৈহিক প্রোঞ্ছন করিবে। কালদোষ (অতিবৃষ্ট্যাদি) এবং শক্ত্যাদির অপেক্ষায় শরীরের অসামর্থ প্রযুক্ত মন্ত্র স্নানাদি সপ্তবিধ স্নান করিতে পারিবে। আপোহিষ্টা ইত্যাদি মন্ত্র দ্বারা স্নান মান্ত্র। ১ মৃত্তিকালম্ভন (গঙ্গামৃত্তিকা দ্বারা তিলকরূপ) পার্থিব স্নান। ২। ভস্মদ্বারা স্নান আগ্নেয়। ৩। গোরজদ্বারা স্নান বায়ব্য। ৪। আতপ বর্ষণদ্বারা স্নান দিব্য স্নান। ৫। মন্ত্রাদি অঙ্গ শূন্য অবগাহন মাত্র স্নান বারুণ। ৬। বিষ্ণু চিন্তন মানস স্নান। ৭। নির্ম্মলতা এবং ভাবশুদ্ধি-স্নানব্যতিরেকে হয় না; সেই হেতু মনের শুদ্ধির নিমিত্ত অগ্রে স্নান বিধেয়।

স্নান প্রয়োগ।

অনুদ্ধৃত অথবা উদ্ধৃত জলে দর্ভপাণি হইয়া প্রথমে আচমন পূর্ব্বক, "ও নমো

নারায়ণায়" এই মূল মন্ত্রদ্বারা তীর্থ আবাহন করিবে ; তৎপরে সংকল্প, "ওঁ বিষ্ণু বিষ্ণুর্নমো হুদ্য অমুকে মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্র শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীবিষ্ণু প্রীতি কামঃ অস্মিন্ জলে স্নান মহং করিষ্যে গঙ্গাদিতীর্থে অস্মিন্ জলে এইস্থানে অস্যাং গঙ্গায়াং ইত্যাদি উল্লেখ করিবে। এইরূপ সংকল্প করিয়া চতুরস্র চতুষ্কোণ চতুর্হস্ত মণ্ডল জলে লিখিয়া, "বিষ্ণুপাদপ্রসূতাসি বৈষ্ণবী বিষ্ণু পূজিতা। পাহিন স্তেনসস্তস্মা দাজন্ম মরণান্তিকাৎ। তিস্রঃ কোট্যোংর্দ্ধ কোটীচ তীর্থানাং বায়ুরব্রবীৎ। দেবি ভুব্যন্তরীক্ষেচ তানিতে সন্তিজাহ্নবি। নন্দিনীত্যেব তেনাম দেবেষু নলিনী তিচ। বৃন্দা পৃথ্বীচ সুভগা বিশ্বকায়া শিবাসিতা। বিদ্যাধরী সুপ্রসন্না তথালোকপ্রসাদিনী। ক্ষমাচ জাহ্নবীচৈব শান্তা শান্তিপ্রদায়িনী," এই সকল পুণ্যনাম স্নানকালে কীর্ত্তন করিলে ত্রিপথ গামিনী গঙ্গা সেই স্থানে সন্নিহিতা হয়েন। "ওঁ নমো নারায়ণায়" এই মন্ত্র সপ্তবার জলে জপ করিয়া করযুগস্থিত সেই জল তিনবার কিম্বা চারিবার অথবা পাঁচবার বা সাতবার মস্তকে ক্ষেপন করিবে। তৎপরে মন্ত্রদ্বারা মৃত্তিকা অভিমন্ত্রিত করিয়া গাত্রেলেপন করিবে। "অশ্বক্রান্তে রথক্রান্তে বিষ্ণুক্রান্তে বসুন্ধরে। মৃত্তিকে হর মে পাপং যন্ময়া দুষ্কৃতং কৃতং। উদ্ধৃতাসি বরাহেণ কৃষ্ণেন শত বাহুনা। আরুহ্য মমগাত্রাণি সর্ব্বং পাপং প্রমোচয়। নমস্তে সর্ব্বভূতানাং প্রভবারিণি সুব্রতে।" গাত্রলেপনে সপ্তপ্রকার মৃত্তিকা নিষিদ্ধ ;—বল্মীক, মূষিকোদ্ধৃত, জলমধ্যস্থিত, শ্মশানস্থিত, বৃক্ষমূলস্থিত, দেবালয়ের, পরস্নানাবশিষ্ট এই সপ্তপ্রকার মৃত্তিকা মঙ্গলকামী জন গ্রহণ করিবে না। চক্ষুঃ কর্ণ নাসিকা অঙ্গুলিদ্বারা আচ্ছাদন করিয়া অনুদ্ধৃত জলে তিনবার অবগাহন করিবে। এই প্রকার তীর্থ আবাহন বিধানে যে কোন জলে স্নান করিলে তীর্থ স্নান জন্য ফল হইবে; তীর্থে দ্বৈগুণ্য ফল লাভ হইবে। এই বিধি সর্ব্ব সাধারণের পক্ষে জানিতে হইবে। গঙ্গাজলেতেও তীর্থাদি আহ্বান করিতে হইবে। মাঘী সপ্তম্যাদি নিমিত্ত, তীর্থবিশেষ নিমিত্ত মন্ত্র পাঠ, মৃত্তিকালম্ভনের পরে করিতে হইবে। এই প্রকার গঙ্গাতে বিশেষ মন্ত্র পাঠের পরে দশহরাদি মন্ত্র পাঠ করিবে। গঙ্গাতে বিশেষ মন্ত্র "বিষ্ণু পাদার্ঘ্য সম্ভূতে গঙ্গে ত্রিপথগামিনি। ধর্ম্ম দ্রবীতি বিখ্যাতে পাপংমেহর জাহ্নবি। শ্রদ্ধয়া ভক্তি সম্পন্নে শ্রীমাতর্দেবিজাহ্নবি। অমৃতে নাম্বুনা দেবি ভাগীরথি পুনীহিমাং।" ফাল্গুণ মাসের শুক্লপক্ষে পুষ্যানক্ষত্রে দ্বাদশী হইলে তাহার নাম গোবিন্দ দ্বাদশী, ইনি মহা পাপনাশিনী। গোবিন্দ দ্বাদশীতে গঙ্গাস্নানমন্ত্র— "মহাপাতক সংজ্ঞানি যানি পাপানি সন্তিমে। গোবিন্দ দ্বাদশীং প্রাপ্য তানিমে হরজাহ্নবি।" গঙ্গাসাগর সঙ্গমে মন্ত্র ;—"ত্বংদেবসরিতাং নাথ ত্বং দেবি সরিতাংবরে। উভয়োঃসঙ্গমেস্নাত্বা মুঞ্চামি দুরিতানি বৈ।"

লৌহিত্য স্নানে মন্ত্র। "ব্রহ্মপুত্র মহাভাগ শান্তনোঃ কুলনন্দন। অমোঘা গর্ভ সম্ভূত পাপং লৌহিত্য মেহর।" করতোয়া স্নানে মন্ত্র। "করতোয়ে সদানীরে সরিৎ শ্রেষ্ঠে সুবিশ্রুতে। পৌণ্ড্রান্ প্লাবয় সে নিত্যং পাপং হর করোদ্ভবে।" স্নাত হইয়া শিরঃ কম্পন করিবে না ; অঙ্গ হইতে জল উদ্ধৃত তৈল স্পর্শ, অপ্রোক্ষিত এবং পূর্ব্ব ধৃত বস্ত্র ধারণ করিবে না। স্নাত হইয়া উষ্ণীষ ধারণ ধৌত বস্ত্র দ্বয় পরীধান করিবে, ম্লেচ্ছ, অন্ত্যজ, পতিতের সহিত সংভাষণ করিবে না। কেবল হস্তদ্বারা এবং স্নান বস্ত্র দ্বারা অঙ্গ মার্জ্জন করিবে না। নিত্য অভ্যঙ্গ করিলে জরা, শ্রম ও বায়ু নাশ হয়, মস্তক পাদদ্বয় ও কর্ণে বিশেষরূপে শীলন করিবে; অজীর্ণ রোগী এবং কফগ্রস্ত অভ্যঙ্গ বর্জ্জন করিবে। বায়ু প্রবল ধাতুতে এবং মস্তক অভ্যঙ্গ অবগাহনে তিল তৈল হিতকর হয়; কটু, তীক্ষ্ণ, উষ্ণ, শার্ষপ তৈল কফ, শুক্র, বায়ু নাশ কারী হয়। পঞ্চ পর্ব্বে তৈলাভ্যঙ্গ করিবে না।

বার দোষে তৈল নিষেধের প্রতিপ্রসব। রবিবারে তৈলে পুষ্প, গুরুবারে দূর্ব্বা, মঙ্গলবারে মৃত্তিকা, শুক্রবারে গোময়, প্রদান করিলে তৈল দোষ নাশ হয়। তৈলে, জলে এবং মলিন আদর্শে মুখ এবং রাহুগ্রস্ত দিবাকরকে

দর্শন করিবে না। স্নানের পর উষ্ণীষ ধারণ যে পূর্ব্বে বলা হইয়াছে তাহা কেবল মস্তকের জল অপনয়ন নিমিত্ত তৎপরে ধারণ করিবে না। দশা পূর্ব্বদিকে এবং উত্তরদিকে করিয়া বস্ত্র শুষ্ক করিতে দিবে; পশ্চিমে এবং দক্ষিণ-দিকে দশা হইলে সে বস্ত্র পুনর্ব্বার প্রক্ষালন করিলে শুদ্ধ হয়। জ্ঞানী নর স্বয়ং ধৌত বস্ত্র-দ্বারা ধর্ম্মসম্বন্ধীয় কর্ম্ম করিবেন; রজক ধৌত বস্ত্র এবং অধৌত বস্ত্র ধর্ম্ম সম্বন্ধীয় ক্রিয়াতে নিষিদ্ধ হয়। পুত্র, স্ত্রী, মিত্র, স্বকীয় জ্ঞাতি, বান্ধব এবং দাসবর্গ ইহাদিগের দ্বারা ধৌতবস্ত্র পবিত্র বলিয়া জানিতে হইবে। অনুত্তরীয় অবস্ত্র এবং নগ্ন হইয়া শ্রৌতকর্ম্ম এবং স্মার্ত্তকর্ম্ম করিবে না; নগ্ন ব্যক্তির চিন্তা করিতেও নিষেধ আছে। উত্তরীয় বস্ত্রকে যজ্ঞোপবীতের ন্যায় ধারণ করিবে। স্যূত বস্ত্র, দগ্ধ বস্ত্র, পরকীয় বস্ত্র, মূষিকোৎকীর্ণ বস্ত্র এবং জীর্ণ বস্ত্র পরিধান করিয়া দৈব এবং পৈত্র কর্ম্ম করিবে না। উৎকট রক্তবর্ণ, নীলবর্ণ, মলাক্ত ও দশাহীন বস্ত্র জ্ঞানীজন বর্জ্জন করিবেন। ধৌত বস্ত্রের অভাবে ক্ষৌমাদি বস্ত্র পরিধান করিবে। উত্তরীয় অভাব হইলে, কুশরজ্জ্বাদি প্রতিনিধি-রূপে ধারণ করিতে পারিবে। শ্রৌত ও স্মার্ত্ত-কর্ম্মে দ্বিদণ্ডী যজ্ঞসূত্র ধারণ করিবে; উত্তরীয় বস্ত্রের অলাভে ত্রিদণ্ডী যজ্ঞসূত্র ধারণ করিয়া কর্ম্মাধিকারী হইবে। তর্পণ না করিয়া যে ব্যক্তি স্নানবস্ত্র নিষ্পীড়ন করেন, তাঁহার পিতৃ-গণের সহিত দেবগণ নিরাশ হইয়া গমন করেন। স্নান করিয়া আর্দ্রবস্ত্রে যে ব্যক্তি বিষ্ঠামূত্র ত্যাগ করেন, তিনি পুনর্ব্বার স্নান করিয়া তিন প্রাণায়াম করিলে শুদ্ধ হইবেন। নদীতে স্নানাদির জন্য গমন করিয়া নদীকে কেবল নদী বলিয়া প্রয়োগ করিবে না; গঙ্গাদি নাম উল্লেখ করিবে; তীর্থে অবস্থান করিয়া অন্য তীর্থকে প্রশংসা করিবে না; পারার্থী-জন, দেবগণকে এবং পিতৃগণকে তর্পণ না করিয়া নদী পার হইবে না। কিঞ্চিৎ ভোজন করিয়াও স্নান করিবে না; যে ব্যক্তির স্নান করিলে রোগ বৃদ্ধি হইবে, এমত ব্যক্তি স্নান করিবে না; অর্দ্ধ রাত্রে স্নান নিষেধ। নৈমিত্তিক এবং কাম্য স্নান,—ভোজন করিয়া, কিম্বা যে কোন সময়ে, করিতে পারিবে। বহু বস্ত্র সহিত স্নান এবং পৌনঃপুন্য স্নান এবং অবিজ্ঞাত জলাশয়ে স্নান করিবে না। বারুণ্যাদি এবং সংক্রান্ত্যাদি নিমিত্ত ভেদপ্রাপ্ত স্নান, এক দিবসে এক স্থানে অনেকবার করিবে না; তন্ত্রতা প্রযুক্ত এক স্নান করিলেই সিদ্ধ হইবে। কিন্তু মার্কণ্ডেয় হ্রদে, প্রত্যয় সরোবরে সমুদ্ররূপাদি তীর্থভেদে তন্ত্রতা এবং প্রসঙ্গের অভাবপ্রযুক্ত পুনঃপুনঃ এক দিবসে নানাস্নান করিতে পারিবে। পরকীয় জলাশয়ে অথবা সেতুবন্ধ জলে তিনটী মৃৎপিণ্ড, পরকীয় কূপে তিন ঘট জল উদ্ধৃত করিয়া, স্নান তর্পণাদি করিবে। যিনি মৃৎপিণ্ডত্রয় এবং তিন ঘট জল উদ্ধৃত না করেন, তাঁহার স্নান বৃথা হইবে; এবং তিনি কূপাদি কর্ত্তার পাপে লিপ্ত হইবেন। স্নান, দান, তপস্যা, ধ্যান, পিতৃদেবার্চ্চন মনুষ্য-গণের দুষ্কৃতের পাবন হন; অতএব বিধি অনু-সারে করিতে হইবে। শ্রাবণ ভাদ্র দুই মাস সমুদ্রগামিনী নদী ভিন্ন সকল নদী রজস্বলা হন; তাহাতে স্নান করিবে না। কিন্তু তীরবাসিগণের পক্ষে দোষ হইবে না। কূপ পুষ্করিণ্যাদির অভাবে এবং কুম্ভাদিদ্বারা উদ্ধৃত করিলে রজো-দুষ্ট জলে গ্রাম্যজন ভোগ করিতে পারিবে। উপাকর্ম্মেতে (বৈদিক পশু হনন সংস্কার কর্ম্ম), উৎসর্গে (বৈদিক কর্ত্তব্য), প্রেত স্নানেতে, চন্দ্রসূর্য্য গ্রহণে, নদী সকলের রজোদোষ থাকে না। অষ্ট হাজার ধনু যাহার গতি না হয়, তাহাকে নদী বলা যায় না; তাহারা গর্ত্ত নামে কথিত। দ্বাদশাঙ্গুলিতে শঙ্কুহয়; তদ্দ্বয়ে এক হস্ত; চতুর্হস্তে একধনু হয়; সহস্র ধনুতে এক ক্রোশ হয়। অন্ত্যজ জাতি কর্তৃক কৃত কূপ, সেতু, পুষ্করিণ্যাদিতে স্নান, সেই জল পান করিলে প্রায়শ্চিত্ত করিতে হইবে। সুমনোহর প্রভৃত জল বিদ্যমানে অল্পজলে স্নান এবং নদী বিদ্য-মানে কৃত্রিম জলে স্নান দ্বিজগণ কদাচ করিবেন না। নিত্য, নৈমিত্তিক, কাম্য,—এই তিন প্রকার স্নান; তর্পণ, স্নানের অঙ্গরূপে ব্যবস্থিত। প্রত্যহ ক্রিয়মান স্নানকে নিত্য বলে; সেই স্নান প্রাতঃকালে মধ্যাহ্নকালে ক্রিয়মান

সূর্য্যগ্রহণাদি নিমিত্ত স্নানকে নৈমিত্তিক বলে। চাণ্ডালাদি স্পর্শ নিমিত্ত স্নান নৈমিত্তিক নয়। শ্মশ্রুকর্ম্ম, অশ্রুপাত, মৈথুন, বমন, অস্পৃশ্য স্পর্শন করিয়া জলক্রিয়া (তর্পনাদি) ব্যতিরেকে স্নান করিবে। স্বর্গাদিফলজনক স্নান কাম্য; তীর্থাদি স্নান তর্পণের অঙ্গত্ব প্রযুক্ত যেকল্পে যে প্রকার বিহিত আছে, সেই কল্পানুসারে স্নান তর্পণ, সেইপ্রকার করিবে। যদিও তর্পণ স্নানাঙ্গ, তথাপি সন্ধ্যার অনুষ্ঠান সত্ত্বে সন্ধ্যার উত্তরকালে করিবে। চন্দ্র সূর্য্য গ্রহণাদিতে সন্ধ্যানুষ্ঠানের অভাব প্রযুক্ত, স্নান-প্রয়োগের অন্তর্গত জানিতে হইবে। প্রাতঃ স্নান করিয়াও অঙ্গভূত তর্পণ সন্ধ্যাক্রিয়ার উত্তরে করিবে। যে দিবসে রোগাদিদ্বারা স্নান করিবে না, সে দিবসে বস্ত্রাদিদ্বারা গাত্র মার্জ্জনাদি করিয়া তর্পণ করিবে। পুষ্যানক্ষত্রে, জন্ম নক্ষত্রে, ব্যতীপাত যোগে, বৈধৃতিতে, অমাবস্যাতে নদীস্নান করিলে জন্মাবধি কৃত পাপ নষ্ট হয়। নদী, তড়াগ,বাপী,কূপ,হ্রদ ইহাদিগের জল শঙ্খপাত্রস্থ করিলে গঙ্গাজল তুল্যহয়। দক্ষিণাবর্ত্ত শঙ্খে এবং ঔড়ম্বর পাত্রে (তাম্রপাত্রে) স্থিত জল যাহারা হৃষ্ট মানস হইয়া মস্তকে প্রদান করেন, তাঁহাদিগের জন্মকৃত পাপ তৎক্ষনাৎ নাশ হয়। ক্ষেত্রস্থ অথবা উদ্ধৃত, শীতল অথবা উষ্ণ গঙ্গা-জল আমরণান্তকৃত পাপ নাশ করেন। অখণ্ড পদ্ম পত্রোদকদ্বারা, সর্ব্বরত্ন স্পৃষ্টজল দ্বারা এবং স্রোত জলদ্বারা, স্নান করিলে সর্ব্বপাপ হইতে মুক্ত হইবে। দর্ভ জলদ্বারা, গোমুত্রদ্বারা স্নান করিলে সর্ব্বপাপ নাশ হইবে; পুষ্পযুত জলে স্নানকরিলে আরোগ্যলাভ হইবে; উষ্ণজলদ্বারা এবং পরানীত জলদ্বারা স্নান করিলে স্নাতব্যক্তি শুদ্ধ হইবেন; কিন্তু স্নানে ফললাভ হইবেনা। স্নানার্দ্রা ভুমিকে দূরে পরিবর্জন করিবে। কামনা করিয়া চণ্ডাল, পতিত, ম্লেচ্ছ, এবং উদক্যা (রজঃস্বলা) ইহাদিগের সহিত সংভাষণ করিবেনা; দৈবাৎ ঘটিলে বিষ্ণু কেশবকে স্মরণ করিবে। জলে স্থিতহইয়া কর্ম্ম করিলে জলদ্বারা তিলক করিবে; অন্যথা ভস্ম মৃত্তিকা, অথবা চন্দন দ্বারা তিলক করিতে হইবে।

তর্পণ।

তর্পণ দুই প্রকার,—প্রধান এবং অঙ্গ স্নানানন্তর শুচি হইয়া যথাক্রমে প্রত্যহ দেবগণ ঋষি গণ ও পিতৃগণের তর্পণ করিবে, বিধবা নারী প্রত্যহ কুশ তিলোদকদ্বারা ভর্ত্তৃতর্পণ এবং তাঁহার পিতার পিতামহের তর্পণ নামগোত্রাদি উল্লেখ করিয়া করিবেন। এই প্রধান তর্পণ। নিত্যনৈমিত্তিক কাম্য এই ত্রিবিধ স্নানের অঙ্গভূত তর্পণ—অঙ্গতর্পণ

নাস্তিক্যভাবহেতু যে সন্তান তর্পণ না করে, জলার্থি-পিতৃগণ তাহার রুধির পান করেন। ইষ্টকারচিত স্থানে তর্পণ নিষেধ; যে জল সকলের নিমিত্ত উৎসর্গ হয় নাই এবং অভোজ্য যে জল, তাহার দ্বারা তর্পণ করিবে না। তীর্থবাসিরা জলস্থল উভয় তীর্থস্থানে জলস্থৈকচরণ হইয়া তর্পণ করিবে; তীর্থভিন্ন স্থানে নিয়ম নাই। জলে অথবা স্থলে তর্পণ করিতে পারিবে। স্থলে তর্পণ করিতে হইলে প্রাগগ্র-কুশে দেবতাদিগের, মধ্যে মনুষ্যদিগের, দক্ষি-ণাগ্রকুশে পিতৃগণের, তর্পণ করিতে হইবে। ছান্দোগ্য ভিন্ন দ্বিজ ব্রহ্মযজ্ঞ সিদ্ধির নিমিত্ত আধ্যাত্মিকীবিদ্যা অথবা প্রণব জপ করিয়া তর্পণ করিবে। ছান্দোগ্য ব্রাহ্মণ সূর্য্যোপস্থানের পর বৈশ্রবণায় নম, উপজাতায় নম—এই পর্য্যন্ত জলাঞ্জলি দিয়া তর্পণ করিবে। জলেস্থিত হইয়া, তর্পণে নাভিমাত্র জলে অবস্থান করিয়া, জল হইতে প্রাদেশ পরিমাণ মাত্র জল উদ্ধৃত করিয়া জলে ক্ষেপণ করিবে। উদ্ধৃত জলে তর্পণ করিতে হইলে, পাত্র হইতে জল উদ্ধৃত করিয়া শুচিপাত্রান্তরে ক্ষেপণ করিবে; অথবা জলপূর্ণ গর্ত্তে; ভুমিতে ত্যাগ করিতে হইলে কুশরহিত স্থানে ত্যাগ করিবে না। স্বুবর্ণপাত্র, রজতপাত্র, তাম্রপাত্র, খড়্গাচর্ম্মনির্ম্মিত পাত্র দ্বারা পিতৃগণকে জলাদি দান করিলে অক্ষয় হয়। স্বুবর্ণাদি পাত্র এবং স্বর্ণনির্ম্মিত কীলক পিতৃতীর্থ স্পর্শ করিয়া জলপ্রদান করিবে। রোমসংস্থ তিলদ্বারা তর্পণ এবং মেঘবর্ষণ সমকালে তর্পণ করিবে না। শূদ্রানীত এবং মেঘনিঃসৃত জলদ্বারা তর্পণ নিষেধ। শ্রদ্ধাযুক্ত হইয়া কুশসংযুক্ত তিল জল যে ব্যক্তি প্রদান

করে, সেই দত্তদ্রব্য অমৃত হইয়া পিতৃগণকে উপস্থান করে। রবিবার, শুক্রবার, জন্মদিন, দ্বাদশী, শ্রাদ্ধবাসর, সপ্তমী তিথি, সংক্রান্তি এই সকল দিনে তিল তর্পণ করিবে না। শ্রাদ্ধদিন বলিতে অমাবস্যা ব্যতিরিক্ত শ্রাদ্ধদিন বুঝিতে হইবে; অমাবাস্যায় তিল তর্পণ করিলে পিতৃ-ঋণ হইতে মুক্ত হয়; বিশেষ গঙ্গাতে তিল তর্পণ করিবে; তাহাতে কাল নিয়ম নাই। যাহার পিতা জীবিত আছেন, এমত ব্যক্তি সপ্তম্যাদিতে মাতাকে তিলদ্বারা তর্পণ করিবে না। কিন্তু অয়ন সংক্রান্তি, বিষুব সংক্রান্তি এবং চন্দ্রসূর্য্য গ্রহণে, উপাকর্ম্মে, উৎসর্গে, যুগাদিতে, মৃতদিবসে পূর্ব্বোক্ত শুক্রাদি নিষিদ্ধ দিন হইলেও তিলতর্পণে দোষ হইবে না। তীর্থেতে এবং বিশেষ তিথিতে, গঙ্গাতে প্রেত-পক্ষে নিষিদ্ধদিনেও তিলতর্পণ করিতে পারিবে। তিলের অভাব হইলে, পিতৃতীর্থে সুবর্ণ রজত-স্পৃষ্ট অথবা দর্ভযুক্ত জলদ্বারা, আর ইহাদিগেরও অভাবে কেবল জলদ্বারা তর্পণ করিবে; কদাচ তর্পণ বাদ করিবে না।

অথ সন্ধ্যোপাসনা।

সন্ধ্যাবিহীন দ্বিজ সকল কর্ম্মে অযোগ্য। সন্ধ্যাকর্ম্মে যাহার আদর নাই, তিনি ব্রাহ্মণ নহেন। ক্ষতাশৌচে, এবং সেবকাদি কার্য্য-রত হইয়া, যথোক্তশৌচে অশক্ত হইয়া, কি অন্ধাদি অবস্থা প্রাপ্ত হইয়া, সন্ধ্যা করিতে পারিবে। দিবা এবং রাত্রি সম্বন্ধি মুহূর্ত্ত প্রাতঃ-সন্ধ্যা ও সায়ংসন্ধ্যার কাল। প্রাতঃসন্ধ্যাতে অর্দ্ধোদিত সূর্য্যমণ্ডল; সায়ংসন্ধ্যায় অর্দ্ধাস্ত সূর্য্যমণ্ডল; উভয়কালেই তারাগণ প্রকাশিত থাকিবে না; দিবারাত্রির সন্ধি সন্ধ্যাদ্বয়ের মুখ্যকাল। মধ্যাহ্ন সন্ধ্যার কাল অষ্টম মুহূর্ত্ত; সপ্তম মুহূর্ত্তের পরে, সমসূর্য্য মধ্যাহ্নকালে মধ্যাহ্নসন্ধ্যা করিবে। প্রাঙ্মুখ হইয়া প্রাতঃ-সন্ধ্যা; উত্তরাস্য হইয়া মধ্যাহ্ন সন্ধ্যা; বায়ু-কোণাভিমুখ হইয়া সায়ংসন্ধ্যা করিতে হইবে। প্রাতঃসন্ধ্যা নক্ষত্রযুক্তকালে আরম্ভ করিয়া নক্ষত্র দর্শন অতিক্রান্ত হইলে গায়ত্রীজপ করিবে। সায়ংসন্ধ্যা সূর্য্য অর্দ্ধাস্ত হইলে আরম্ভ করিয়া সন্ধ্যোপাসনা এবং গায়ত্রীজপ করিবে। প্রতিগ্রহ দোষ, অন্ন দোষ, পাপ, উপপাপ হইতে গানকারি দ্বিজকে ত্রাণ করেন, এই হেতু ইহার নাম গায়ত্রী।

ঋষি, ছন্দ, দেবতা, বিনিয়োগ ব্রাহ্মণগণ বিশেষরূপে জ্ঞাত হইয়া সন্ধ্যাদি কর্ম্ম করি-বেন। যিনি ঋষি, ছন্দ আদি না জানিয়া, যাজন, অধ্যাপনাদি, জলমধ্যে ক্রিয়মাণ অঘ মর্ষণ জপাদি, হোম এবং অন্য বৈদিক কর্ম্ম করিবেন, তিনি সম্পূর্ণ ফল প্রাপ্ত হইবেন না। প্রণবের ঋষি ব্রহ্মা, দেবতা অগ্নি গায়ত্রীচ্ছন্দ সর্ব্ব-কর্ম্মে বিনিয়োগ হয়। এই প্রকার সন্ধ্যায় ঋষ্যাদি জানিয়া কার্য্য করিতে হইবে। গায়ত্রী-জপে প্রাতঃকালে উত্তানকর, মধ্যাহ্নে তির্য্যক্-কর এবং সায়ংকালে অধোমুখকর—এই ভাবে অবস্থান করিয়া জপ করিবে। অনামিকার মধ্যে পর্ব্বে আরম্ভ করিয়া তিন অঙ্গুলির তিন তিন পর্ব্ব এবং মধ্যমার এক পর্ব্ব—এই দশ পর্ব্বে গায়ত্রী জপ করিবে। মধ্যমার দুই পর্ব্ব জপকালে বর্জ্জন করিবে; এই দুই পর্ব্বকে মেরু বলিয়া জানিতে হইবে। অঙ্গুষ্ঠাগ্রদ্বারা জপ, মেরু লঙ্ঘন করিয়া জপ, এবং পর্ব্ব সন্ধিতে জপ করিবে না। সংখ্যা না করিয়া জপ করণে নিষেধ; এসকল প্রকারে জপ করিলে নিষ্ফল হয়। জলে শুষ্ক বস্ত্র পরিধান করিয়া, স্থলে আর্দ্র বস্ত্র পরিধান করিয়া, জপ, হোম, দানাদি কর্ম্ম করিবে না। গৃহে জপাদি করিলে যে ফল হয়, গোষ্ঠে তাহার শতগুণ, নদ্যাদি তীর্থে শত সহস্রগুণ, বিষ্ণু শিবাদি সন্নিধানে অনন্ত ফল হয়। গায়ত্রী দশবার জপ করিলে জন্মকৃত পাপ, শতবার জপ করিলে পূর্ব্ব জন্মকৃত পাপ, সহস্র জপ করিলে ত্রিযুগের কৃত পাপ নষ্ট হয়। গায়ত্রী সহস্র বার, কিম্বা শতবার, অথবা দশবার যে ব্রাহ্মণ জপ করেন, তিনি পাপে লিপ্ত হয়েন না। জপ তিন প্রকার;—বাচিক, উপাংশু এবং মানস। মানস জপ শ্রেষ্ঠ; উপাংশু মধ্যম; বাচিক নিকৃষ্ট। জিহ্বা ওষ্ঠ চালন ব্যতিরেকে বর্ণের অর্থ-সন্ধা-নাত্মক জপ,—মানস। নিজ কর্ণের গ্রহণ-যোগ্য

কিঞ্চিৎ শব্দবিশিষ্ট জপকে উপাংশু বলে। স্বরাদি সুব্যক্ত করিয়া বর্ণোচ্চারণ বিশিষ্ট জপকে বাচিক বলে। উচ্চ উচ্চারণ করিয়া জপ করিবে না। বিশেষত গায়ত্রী জপ উচ্চোচ্চারণে নিষিদ্ধ। জপ করিতে করিতে এবং ব্রত হোমাদিতে অন্যবাক্য কহিবে না; যদি কোন বেদজ্ঞ ব্রাহ্মণ কিম্বা গুরু আগমন করেন, তবে তাঁহাদিগকে অভিবাদন করিয়া যোগক্ষেম কীর্ত্তন করিবে। যদি জপাদি করিতে করিতে অন্য কোনরূপে সময় ক্ষেপণ হয়, তবে বৈষ্ণব মন্ত্র উচ্চারণ করিবে; অথবা অব্যয় বিষ্ণুকে স্মরণ করিবে। জপকর্ম্মে ক্রোধ, মোহ ক্ষুত, নিদ্রা, ষ্ঠীবন, জৃম্ভণ ও স্ত্রীলোক দর্শন বর্জন করিবে; দৈবাৎ পূর্ব্বোক্ত ক্রোধাদি সম্ভব হইলে আচমন এবং দেবার্চ্চিত বিষ্ণুকে স্মরণ করিবে।

অথ ব্রহ্মযজ্ঞ।

ব্রহ্মযজ্ঞ সিদ্ধির নিমিত্ত ত্রিবেদ, অথর্ব্ব, পুরাণ, ইতিহাস, আধ্যাত্মিকী বিদ্যা জপ করিবে। অনন্তর প্রণব জপ করিয়া সামবেদী ভিন্ন দ্বিজ ব্রহ্মযজ্ঞের পরে তর্পণ করিবে; সামবেদী দ্বিজ মধ্যাহ্ন পূজার পর ব্রহ্মযজ্ঞ করিবেন।

ব্রহ্মযজ্ঞের মন্ত্র—উত্তরাগ্র কুশাসনে পূর্ব্বাস্য উপবিষ্ট হইয়া বামহস্ততলে কুশ পবিত্র রাখিয়া, তদুপরি দক্ষিণ হস্ত অধোমুখ করিয়া, প্রণবপূর্ব্বক গায়ত্রী জপানন্তর চতুর্ব্বেদাদি পাঠ করিবে। কৃতাঞ্জলি। "ঋগ্বেদাদি মন্ত্রস্য মধুচ্ছন্দ ঋষিরগ্নির্দেবতা গায়ত্রীচ্ছন্দঃ স্বাধ্যায়ে বিনিয়োগঃ। মন্ত্রঃ। ওঁ অগ্নিমীড়ে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজম্। হোতারং রত্নধাতমম্। ১। যজুর্ব্বেদাদি মন্ত্রস্য;—পরমেষ্ঠী ঋষিঃ শাখাবৎসগাবো দেবতা শাখাচ্ছেদন সন্নয়ন বৎসোপস্পর্শনে বিনিয়োগঃ। মন্ত্রঃ। ও ইষেত্বোর্জ্জেত্বা বায়বঃস্থদেবো বঃ সবিতা প্রার্থয়তু শ্রেষ্ঠতমায় কর্ম্মণে। ২। সামবেদাদি মন্ত্রস্য; গোতম ঋষির্গায়ত্রীচ্ছন্দঃ অগ্নির্দেবতা ব্রহ্মযজ্ঞ জপে বিনিয়োগঃ। মন্ত্রঃ। ওঁ অগ্ন আয়াহি বীতয়ে গৃণানো হব্যদাতয়ে নিহোতা সৎসি বর্হিষি। ৩। অথর্ব্ব বেদাদি মন্ত্রস্য;—দধ্যঙ্ঙাথর্ব্বণ ঋষিরাপোদেবতা গায়ত্রীচ্ছন্দঃ শান্তিকরণে বিনিয়োগঃ। মন্ত্রঃ। ও শন্নোদেবী রভীষ্টয় আপোভবন্তু পীতয়ে সংযোরভিস্রবন্তুনঃ। ৪। এই বেদাদি মন্ত্র চতুষ্টয় পাঠ করিয়া ইচ্ছানুসারে যথাশক্তি বেদাঙ্গ পুরাণ ইতিহাস স্মৃত্যাদি পাঠ করিবে।

দেবপূজা।

তৎপরে স্ব স্ব কল্পোক্ত অনুসারে দেবপূজা করিবেন। দেবপূজাতে সকলের অধিকার আছে। ক্ষমা, শৌচ, ইন্দ্রিয় দমন, সত্য, দান, ইন্দ্রিয় নিগ্রহ, অহিংসা, গুরুসেবা, তীর্থ অনুসরণ, দয়া, সরলতা, লোভশূন্যত্ব, দেবপূজা, ব্রাহ্মণ পূজা, অসূয়া শূন্যত্ব,—এই ধর্ম্ম সর্ব্বসাধারণে আচরণ করিবে। দেবকার্য্য না করিয়া আত্মসংকার করিবে না; এবং সর্ব্বদা সন্তুষ্ট থাকিবে, ক্ষমাযুক্ত হইবে, কদাচ আত্মশ্লাঘা করিবে না। তৃষিত পশু বদ্ধ থাকিলে, অদত্তা রজস্বলা কন্যা গৃহে থাকিলে, দেবতা সনির্ম্মাল্য (অপূজিত) থাকিলে, কোন কর্ম্ম সিদ্ধ হয় না; এবং ভরণাদিও করিতে পারিবে না। রাত্রে কোন দৈবকার্য্য করিতে হইলে, উত্তরাস্য হইয়া করিবে; শিবপূজা দিবারাত্রি সাধারণেই উত্তরমুখ হইয়া করিবে। পরারোপিত বৃক্ষ হইতে পুষ্পাদি আহরণ আরোপণ কর্ত্তার অসম্মতিতে ব্রাহ্মণ ভিন্ন জাতি করিতে পারিবে না। দ্বিজগণ তৃণ, কাষ্ঠ, পুষ্প, ফল,—সকল স্থান হইতে আত্মদ্রব্যের ন্যায় আনয়ন করিতে পারিবেন; ইহা দেবপূজা এবং যজ্ঞার্থে জানিতে হইবে; অন্য ভরণার্থে, কি কোনরূপ সঞ্চয়ার্থে আনয়ন করিতে পারিবেন না। দেবোপরি ধৃত, মস্তকোপরি ধৃত, অধোবস্ত্র ধৃত জলমধ্যক্ষালিত, অভিবাদ্য এবং অভিবাদকের করস্থিত, উগ্রগন্ধি এবং অগন্ধি পুষ্প দেব পূজাদিতে নিষেধ। যাচিত এবং ক্রয়ক্রীত পুষ্প দ্বারা পূজা করিলে নিষ্ফল হয়। দেবার্থে পুষ্প ছেদন বাম হস্ত দ্বারা করিবে না; পুষ্প বাম হস্তে সংস্থাপন করিয়া দেবতাদিগকে প্রদান করিবে না। অর্ঘ্য প্রদানে ত্রিপত্রা দূর্ব্বা প্রশস্ত। শেফালিকা ও বকুল ভিন্ন ভূমিস্পৃষ্ট

পুষ্প, মলিন, কৃমিকেশাদি দূষিত, অঙ্গস্পৃষ্ট, আঘ্রাত ও পর্য্যুষিত,—এই এই প্রকার পুষ্প ত্যাগ করিতে হইবে। মধ্যাহ্নস্নানের পর পুষ্প চয়ন করিবে না। পুষ্প, পত্র ও ফল অধোমুখ করিয়া দেবতাদিকে প্রদান করিবে না; যে প্রকারে উৎপন্ন হয়, সেইপ্রকারে দিতে হইবে; পুষ্পাঞ্জলি প্রদানে নিয়ম নাই। যাহারা তন্ত্রোক্ত দীক্ষিত হইয়াছেন, তাঁহাদের তন্ত্রোক্ত পূজা করিলেই পৌরাণিক পূজা সিদ্ধ হইবে। সেই পূজাতে শক্তি তারতম্যে ষোড়শোপচার, দশোপচার, পঞ্চোপচার উক্ত আছে; অত্যন্ত অশক্তিতে জলদ্বারাতেও পূজন হইতে পারিবে।

পঞ্চম যামার্দ্ধ কৃত্য।

পঞ্চম যামার্দ্ধে বৈশ্বদেব, পিতৃগণ, মনুষ্য কীটাদি ইহাঁদিগকে অন্ন সম্বিভাগ করিয়া মনুষ্য অবশিষ্ট ভোগী হইবে। পার্ব্বণাদি শ্রাদ্ধ দিবসে শ্রাদ্ধকর্ম্ম সমাপন করিয়া, ব্রাহ্মণগণকে বিসর্জ্জনানন্তর বৈশ্বদেবাদি কর্ম্ম করিবে। পিতৃশ্রাদ্ধ না করিয়া অগ্রে বৈশ্বদেব করিলে তাহা অকৃতই হয়; এবং তদন্ন পিতৃগণ গ্রহণ করিবেন না। স্বয়ং অশক্ত হইলে পুত্র, ভ্রাতা, পুরোহিত, শিষ্য, ভাগিনেয়, মাতুল, পত্নী, শ্রোত্রিয়, যাজ্য ইহাদিগকে প্রতিনিধি নিযুক্ত করিয়া বলিকর্ম্ম সম্পন্ন করিতে পারিবে। তৈল ও ক্ষারদ্রব্য বর্জ্জিত, ঘৃতাক্ত, দধ্যক্ত, কিম্বা দুগ্ধাক্ত দ্রব্যদ্বারা বলি কর্ম্ম করিবে। পূর্ব্বোক্ত দ্রব্যের অভাবে কেবল জলদ্বারা সম্পন্ন করিতে পারিবে। বৈশ্বদেব এবং বলিকর্ম্মের প্রথম আরম্ভ দিবসে বৃদ্ধি শ্রাদ্ধ করিতে হইবে। বৈশ্বদেবার্থ একবৃদ্ধিশ্রাদ্ধ কৃত হইলে বলিকর্ম্মে পৃথক্ বৃদ্ধি করিতে হইবেনা। কোন দিবসে বৈশ্বদেবকৃত হয় নাই, এমত সময়ে ভিক্ষুক গৃহে আগমন করিলে বৈশ্বদেবান্ন কিঞ্চিৎ গ্রহণ করিয়া ভিক্ষুককে প্রদান করণানন্তর বিসর্জ্জন করিবে। যাঁহারা এই যজ্ঞাদি সম্পন্ন করিয়া অবশিষ্টান্ন ভোজন করেন, তাঁহারা সকল পাপ হইতে মুক্ত হন; যাঁহারা কেবল নিজোদরের নিমিত্ত পাক করেন তাঁহারা পাপমাত্র ভোগ করেন। বৈশ্বদেবাদি যজ্ঞাবশিষ্ট ভোজনকারি মনুষ্যের পঞ্চসূনা জনিত পাপনাশ হয়।

অতিথি ভোজন এবং নিত্যশ্রাদ্ধ।

বলি প্রদানের পর, গৃহাঙ্গনে গোদোহন কাল (মুহূর্ত্তের অষ্টমভাগ) কিম্বা যথেচ্ছাদ্বারা তাহার উর্দ্ধকাল অতিথির প্রতীক্ষা করিবে; তাহাতে অপ্রাপ্ত হইলে আচমন করিয়া দ্বারদেশে গমন পূর্ব্বক অবলোকন করিবে; তৎপরে অতিথি অবশ্যই প্রাপ্ত হইবেন। বৈশ্বদেবান্তে প্রিয় বা দ্বেষ্য, মূর্খ অথবা পণ্ডিত যে কোনরূপ অতিথি সংপ্রাপ্ত হইলে, তিনি স্বর্গ প্রাপক; তাঁহাকে নাম, গোত্র, নিবাস, স্বাধ্যায়, চরণ, (শাখা) এ সকল জিজ্ঞাসা না করিয়া সাক্ষাৎ ব্রহ্ম বলিয়া মান্য করিয়া যথাবিভব ভোজনীয় দ্রব্য প্রদান করিবে। যদি নিত্যশ্রাদ্ধের পরে অতিথিলাভ না হয়, তবে একটী ব্রাহ্মণকে ভোজন করাইবে; অথবা পিতৃদানীয় দ্রব্য ব্রাহ্মণকে প্রদান করিবে।

গোগ্রাস দান।

সৌরভেয্যঃ সর্ব্বহিতাঃ পবিত্রাঃ পুণ্যরাশয়ঃ। প্রতি গৃহ্নন্তু মে গ্রাসং গাবস্ত্রৈলোক্য মাতরঃ। এইমন্ত্র দ্বারা প্রত্যহ গোগ্রাস প্রদান করিতে হইবে। পরের গোকে যেব্যক্তি প্রত্যহ নিজে ভোজন না করিয়া অন্নের সহিত ঘাসমুষ্টি প্রদান করেন, তিনি স্বর্গ প্রাপ্ত হন। তৃণ জল সংযুক্ত গোয়ের দিনভক্ষ্য আহার, যিনি প্রদান করেন তাঁহার অধিকতর ফল হয়।

অথ ভোজন।

অতিথিকে ভোজন না করাইয়া যে ভোজন করে, এবং আপনার নিমিত্ত যে পাক করে, সে ব্যক্তি কেবল পাপ ভোজন করে। অতএব ইন্দ্রিয়প্রীতিজনন বৃথা পাক বর্জ্জন করিবে। রুগ্ন, দুঃখী, গর্ভিণী, বৃদ্ধ, বালক

—ইহাদিগকে ভোজন করাইয়া, গৃহীসংস্কৃতান্ন ভোজন করিবেন। পূর্ব্বোক্ত ব্যক্তিদিগকে অভুক্ত রাখিয়া ভোজন করিলে পাপ ভোজন করা হয়; এবং মৃত হইয়া নরকে শ্লেষ্ম ভোজন করিতে হয়। স্নান না করিয়া ভোজন করিলে মল ভোজন, জপ না করিয়া ভোজন করিলে পূযরক্ত ভোজন, হোম না করিয়া ভোজনে কৃমি ভোজন, অতিথ্যাদিকে দান না করিয়া ভোজনে বিষভোজন, অসংস্কৃতান্ন ভোজন করিলে মূত্র ভোজন করা হয়। অতএব যে প্রকার ভোজন করিলে পাপবন্ধন না হয় এবং আরোগ্যপ্রদ হয়, বলবৃদ্ধি করে, এমত পথ্যান্ন রত্নপাণি হইয়া গৃহীভোজন করিবেন। অপ্রোক্ষিত, অসংস্কৃত পর্য্যুষিত, কুৎসিত-জনাঘ্রাত, এবং কুৎসিত অন্ন ভোজন করিবে না। "সুপ্রোক্ষিতমস্তু" ইহা বলিয়া গায়ত্রিদ্বারা অভিমন্ত্রিত করিয়া প্রথমে পঞ্চগ্রাস মহামৌনাবলম্বী (হুঙ্কারাদি বর্জ্জিত) হইয়া প্রাণাদি পঞ্চ বায়ুকে প্রদানানন্তর বিধৃতপাত্র এবং বাগ্যত হইয়া ভোজন করিবে। প্রথমে মধুর রস; মধ্যে লবণ, অম্ল, কটু, তিক্ত ভোজন করিবে। প্রথমে দ্রবদ্রব্য; মধ্যে কঠিন দ্রব্য; শেষেও দ্রব দ্রব্য ভোজন করিতে হইবে। অতিরিক্ত শাক এবং অধিকতর সূপ, অত্যন্ত অম্ল দ্রব্য ভোজন বর্জ্জন করিবে। মর্ত্ত্যবাসি ব্রাহ্মণসকলের দ্বিরসন বিহিত আছে। সার্দ্ধ প্রহর দ্বয়, পঞ্চম যামার্দ্ধ দিবা ভোজনে মুখ্যকাল। প্রথম প্রহর অত্যন্ত নিষিদ্ধ; তৃতীয় প্রহরকেও লঙ্ঘন করিবে না। রাত্রিতে সার্দ্ধপ্রহর মধ্যে ভোজন করিবে। শুচি এবং পূর্ব্বাস্য হইয়া ভোজন করিবে; জীবৎ পিতৃক জীবন্ মাতৃক ব্যক্তির দক্ষিণাস্য ভোজন নিষেধ; উত্তরাস্য হইয়াও ভোজন করিবে না। পঞ্চার্দ্র হইয়া ভোজন করিতে হইবে; হস্তদ্বয়, পাদদ্বয়, এবং মুখ,—এই পঞ্চ ধৌতকারী ব্যক্তিকে পঞ্চার্দ্র বলা যায়। স্বজনাদির সহিত এক পংক্তিতে ভোজন করিতে হইলে জলাদি দ্বারা পৃথক্ পংক্তি করা উচিত; না করিলে এক পংক্ত্যুপবিষ্ট ব্রাহ্মণ সকলের সহভোজনে এক ব্যক্তি পাত্রত্যাগ করিলে সকলকেই ত্যাগ করিতে হয়। যদি কোন ব্রাহ্মণ মোহপ্রযুক্ত শেষ অন্ন ভোজন করেন, তবে তাঁহাকে প্রাজাপত্য করিতে হয়, ক্ষত্রিয় হইলে তাঁহাকে সান্তপন ব্রত করিতে হয়। ব্রাহ্মণ, ভোজন করিতেছেন, এমত সময়ে যিনি পাত্র ত্যাগ করেন এবং যিনি ভোজনে কোন বিঘ্ন করেন, তিনি ব্রহ্মহা বলিয়া কথিত হন্। একবার ভোজন করিয়া দিবসে পুনর্ব্বার ভোজন করিবে না। ফল মূলাদি ভোজন করিতে পারিবে। উপলিপ্ত, সম, শুচিস্থানে লঘু আসনে উপবিষ্ট হইয়া,—ব্রাহ্মণ চতুরস্র মণ্ডল, ক্ষত্রিয় ত্রিকোণ মণ্ডল, বৈশ্য অর্দ্ধচন্দ্রাকার মণ্ডল, শূদ্র বর্ত্তুলাকার মণ্ডল ভোজন-পাত্রের নিম্নে করিবে; মণ্ডল না করিয়া যে অধম ভোজন করে, তাহার অন্ন যক্ষাদিতে হরণ করে। ব্রাহ্মণ, ভগ্ন-কাংস্যপাত্রে ভোজন করিলে একাহ উপবাস করিয়া পঞ্চগব্য দ্বারা শুচি হইবেন। শূদ্রাদি ভোজনদ্বারা অপরিস্কৃত পাত্রে, তাম্রপাত্রে, মলযুক্ত পাত্রে, পলাশপত্রে, এবং পদ্মপত্রে গৃহী ভোজন করিবেন না। অর্কপত্রে, পত্রের পৃষ্ঠে, লৌহপাত্রে, তাম্রনির্ম্মিত পাত্রে, ভগ্নপাত্রে, হস্তে, বস্ত্রে ভোজন নিষেধ। কিন্তু সুবর্ণ, প্রস্তর, রজত, তাম্র, শঙ্খ, শুক্তি, স্ফটিক, ইহাদিগের পাত্র ভগ্ন হইলেও অভগ্ন বলিয়া জানিতে হইবে। ব্রহ্মচারী এবং বিধবা তাম্বূল, অভ্যঞ্জন ও কাংস্যপাত্রে ভোজন বর্জ্জন করিবেন। প্রথমে, বাহ্যবায়ুপঞ্চকে ভূমিতে বলি প্রদান করিবেন; বিদ্ধ রেখার পঞ্চস্থানে "নাগায় নমঃ, কূর্ম্মায়নমঃ; কৃকরায়নমঃ, দেব দত্তায়নমঃ, ধনঞ্জয়ায় নমঃ;" তৎপরে আপোশান জল গ্রহণ করিয়া "অমৃতোপস্তরণমসি স্বাহা", এই মন্ত্র দ্বারা গণ্ডূষ করিবে। তৎপরে অন্তর্ব্বায়ু পঞ্চকে আহুতি দিবে; তর্জ্জনী, মধ্যমা, অঙ্গুষ্ঠ এই তিন অঙ্গুলি দ্বারা "ওঁ প্রাণায় স্বাহা"; মধ্যমা অঙ্গুষ্ঠ, অনামিকা দ্বারা "ওঁ অপানায় স্বাহা;" কনিষ্ঠা, অঙ্গুষ্ঠ, অনামিকা দ্বারা, "ওঁ সমানায় স্বাহা;" কনিষ্ঠা, অনামা, মধ্যমা, ও অঙ্গুষ্ঠ এই চতুরঙ্গুলি দ্বারা, "ওঁ উদানায় স্বাহা;" পঞ্চাঙ্গুলি দ্বারা "ওঁ ব্যানায় স্বাহা।" প্রাণাহুতিতে ঘৃতের অভাব হইলে পশ্চাৎ ঘৃত

ভোজন নিষেধ। গৃহী ভোজনদ্বয়ে ঘৃত ভোজন করিবে না। ঘৃত অতি পবিত্র দ্রব্য; ঘৃত ভোজনে পাপ নাশ হয় এবং আয়ুর্বৃদ্ধি হয়। যিনি কুশহস্ত হইয়া ভোজন করেন, তাঁহার কেশ, কীটাদি সম্ভূত দোষ, বাধকর হয় না। যে পর্য্যন্ত ভোজন করিবে সে পর্য্যন্ত অন্নের গুণাগুণ বর্ণন করিবে না; মৌন হইয়া ভোজন করিলে অমৃত ভোজন করা হয়। স্নান, হোম, ভোজন এই তিন কর্ম্মে মৌনী না হইলে বরুণ, অগ্নি, যম ইহারা তেজো হরণ করেন। মাংসলিপ্ত করে গণ্ডূষ করিবে না; শেষ গণ্ডূষ মাংসলিপ্তকর ধৌত করিয়া, অন্নলিপ্ত করে করিতে হইবে। "ওঁ অমৃতাপিধানমসি স্বাহা', এই মন্ত্রদ্বারা প্রত্যাপোশান করিবে। জলপান করিতে করিতে মুখ নিঃসৃত জল ভোজন পাত্রে পতিত হইলে সেই পাত্রস্থ অন্ন অভক্ষ্য হয়; তদন্ন ভোজন করিলে চান্দ্রায়ণ ব্রতাচরণ করিলে শুদ্ধ হয়। ভোজন কালে পানীয় পাত্র বামভাগে রাখিবে না; বামহস্ত দ্বারা পাত্র উত্তোলন করিয়া কেবল বাম হস্ত দ্বারা জল পান করিলে সুরাপান তুল্য হয়। হস্ত বিদ্যমানে যে জ্ঞান-দুর্ব্বল ব্রাহ্মণ, পশ্বাদির ন্যায় মুখ দ্বারা জলপান করেন তিনি কুক্কুর হইয়া জন্মেন। তিলকল্ক, জল, দুগ্ধ, দধি, ক্ষৌদ্র (মধু), ঘৃত, শক্তু, শাক, বিনা কারণে অর্দ্ধ ভোজন করিয়া ত্যাগ করিবে না; এই দ্রব্য সকলের অবশেষ অপরকে দিবে না। অন্ন দোষ তিন প্রকার;—দৃষ্টদ্বারক, অদৃষ্ট দ্বারক, ও দৃষ্টাদৃষ্ট দ্বারক। আয়ুর্ব্বেদোক্ত যে দ্রব্য আহার দ্বারা শরীরে স্বাস্থ্য বা রোগাদি জন্মে তাহার নাম দৃষ্ট দ্বারক। স্মৃত্যুক্ত যে দ্রব্য আহার করিলে দুরদৃষ্ট জন্মে তাহার নাম অদৃষ্ট দ্বারক। আয়ুর্ব্বেদোক্ত এবং স্মৃত্যুক্ত যে দ্রব্য আহার করিলে ইহ শরীরে রোগাদি, পরলোকে দুরদৃষ্টাদি জন্মে তাহার নাম দৃষ্টাদৃষ্ট দ্বারক। লশুন, গৃঞ্জন, পলাণ্ডু, ছত্রাক, এবং বিষ্ঠাজাত দ্রব্য দ্বিজগণের অভক্ষ্য; ইহা ভক্ষণ করিলে প্রায়শ্চিত্তার্হ হইবেন। প্রসবের পর দশ দিন গত না হইলে গো, মহিষী, ছাগী, ইহাদিগের দুগ্ধ এবং উষ্ট্রদুগ্ধ, একশফ, অশ্বাদির দুগ্ধ, মেষী দুগ্ধ, ঋতুমতী গবীর দুগ্ধ, বিবৎসা গোয়ের দুগ্ধ, মহিষী ব্যতিরিক্ত আরণ্য সকল প্রকার জন্তুর, মৃগীর দুগ্ধ, স্ত্রীলোকের দুগ্ধ, সময়ের দোষে অম্লতা প্রাপ্ত দুগ্ধ এইসকল দুগ্ধ অবশ্যই বর্জ্জন করিবে। অম্লতা প্রাপ্তের মধ্যে দধি এবং তক্র ভোজন করিবে। মৎস্য ভোজী ব্যক্তির সকল মাংস ভোজন করা হয়; অতএব মৎস্য বর্জন করিবে; কেবল পাঠীন বোয়াইল মৎস্য, রোহিত মৎস্য হব্যকব্যে নিযুক্ত আছে; এবং রাজীব মৎস্য, সিংহতুণ্ড, ও শল্কযুক্ত মৎস্যও ঐপ্রকার হব্য কব্যে বিহিত আছে। প্রোক্ষিত মাংস এবং ব্রাহ্মণ গণের কামনাহেতু ব্রাহ্মণকর্তৃক একবার নিযুক্ত হইয়া শ্রাদ্ধাদিতে মাংস ভক্ষণ করিতে পারিবে। ক্রয় করিয়া কিম্বা স্বয়ং উৎপাদন করিয়া কিম্বা বিধিঅনুসারে অন্যের আনিয়া দেওয়া মাংস দেবতাগণও পিতৃগণকে অর্চ্চনা করিয়া ভোজন করিলে দোষ হইবে না। আপৎ ভিন্ন স্থলে অবিধি পূর্ব্বক হিংসা করিয়া মাংস ভোজন করিলে, পরলোকে পশুত্ব প্রাপ্ত হইবে। কার্ত্তিকমাসে মৎস্য মাংস ভোজন করিবেনা; বিশেষতঃ কার্ত্তিক মাসের শুক্লৈকাদশী অবধি পূর্ণিমা পর্য্যন্ত পাঁচদিন বকপঞ্চক; ইহাতে অত্যন্ত নিষিদ্ধ; বকও ঐপাঁচদিন মৎস্য ভক্ষণ করেনা পশুমাংস স্ত্রীলোকের ভক্ষণ করিতে নিষেধ। মত্ত, ক্রুদ্ধ, আতুর ব্যক্তির অন্ন, কেশ কীটযুক্ত অন্ন, পদস্পৃষ্ট অন্ন, ভ্রূণহত্যা কারি কর্ত্তৃক দৃষ্ট অন্ন, রজস্বলাস্পৃষ্ট অন্ন, কাকাদিপক্ষিভক্ষিত অন্ন, কুক্কুরস্পৃষ্টঅন্ন, গোকর্ত্তৃক অবঘ্রাত অন্ন, বিশেষতঃ ঘুষ্টান্ন কে কে ভোক্তা উপস্থিত আছে এই প্রকারে দত্ত অন্ন) গণান্ন, গণিকান্ন, জ্ঞানী কর্ত্তৃক নিন্দিত অন্ন, শুক্ত, পর্য্যুষিত, শূদ্রোচ্ছিষ্ট (শূদ্রভুক্তাবশিষ্ট) চৌর্য্যান্ন গায়কান্ন, বার্দ্ধুষীকের অন্ন, কাষ্ঠভক্ষণাদি দ্বারা কৃতজীবিকার অন্ন, চিকিৎসক এবং পক্ষ্যাদি হন্তার অন্ন, ক্রূর এবং উচ্ছিষ্টভোগির অন্ন, উগ্রান্ন, সূতিকার ভোজন উদ্দেশে প্রস্তুত অন্ন, পর্য্যাচান্ত (এক পঙ্ক্তিতে ভোজন করিতে করিতে যদি কোন ব্যক্তি আচমন করে তদন্ন), অনর্চ্চিত শৌচান্ন অবজ্ঞা দ্বারা দত্ত অন্ন, স্বৈরিণীর অন্ন, শত্রুর অন্ন, পতিতান্ন, নগরাধিপতির অন্ন, অবক্ষুতান্ন,

খল এবং মিথ্যাবাদির অন্ন, যজ্ঞবিক্রয়ীর অন্ন, উপপতিগ্রহীত্রীর অন্ন, স্ত্রীজিতপুরুষের অন্ন, মৃতাশৌচির অন্ন, অতুষ্টিকর অন্ন,এই এই প্রকার দূষিতান্ন বর্জ্জন করিবে। যে দ্বিজ শূদ্র কর্ত্তৃক আহুত কিম্বা অজ্ঞাত হইয়া ভোজন করেন তিনি সুরাপি বলিয়া কথিত এবং সর্ব্বধর্ম্মচ্যুত হন। শূদ্রপূজিত শিবলিঙ্গ কি বিষ্ণুপ্রতিমাকে যিনি প্রণাম করেন তিনি প্রলয়কাল পর্য্যন্ত যাতনাভোগী হন। স্ত্রীলোকপূজিত শিবলিঙ্গ অথবা বিষ্ণুপ্রতিমাকে প্রণাম করিলে কোটি কুল সহিত রৌরবে বাস করিতে হয়।

প্রতিপৎ তিথিতে কুষ্মাণ্ড ভক্ষণ করিলে অর্থহানি হয়। দ্বিতীয়াতে বৃহতী ভক্ষণে হরিস্মরণে অযোগ্য হয়। তৃতীয়ায় পটোল ভক্ষণ শত্রুবৃদ্ধিকর হয়। চতুর্থীতে মূলা ভক্ষণ ধনহানি করে। পঞ্চমীতে বিল্ব ভক্ষণ করিলে কলঙ্ক জন্মে। ষষ্ঠীতে নিম্ব ভোজন করিলে পক্ষিপশ্বাদি যোনিলাভ করে। সপ্তমীতে তাল ভক্ষণ শরীর নাশ করে। অষ্টমীতে নারিকেল ভোজন করিলে মূর্খতা জন্মে। নবমীতে লাউ গোমাংস তুল্য হয়। দশমীতে কলম্বী শাক গোবধস্বরূপ। একাদশীতে শিম্বী পাপকরী হয়। দ্বাদশীতে পূতিকা ব্রহ্মঘাতিকা হন। সকল দিবসেই পূতিকা দ্বিজগণের নিষিদ্ধা; দ্বাদশীতে অধিক দোষের নিমিত্ত উক্ত হইল। দ্বাদশীতে পূতিকা ভক্ষণ নিষেধ শূদ্রবিষয়েও হয়। ত্রয়োদশীতে বার্ত্তাকু ভক্ষণে সুতহানি দোষ। চতুর্দ্দশীতে মাষকলাই ভক্ষণ করিলে চিররোগী হয়। পূর্ণিমা এবং অমাবস্যাতে মাংস ভোজন মহাপাপকর হয়।

শ্বেতবর্ণ তাল, শ্বেতবার্ত্তাকু বৈষ্ণব কোন দিবসেই ভোজন করিবেন না। কুসুম্ভ, নালিকা শাক, (শ্বেত কলম্বী), বৃন্তাক, পূতিকা যদি বেদান্তগ ব্রাহ্মণও ভোজন করেন তিনিও পতিত হইবেন। বাক্‌দুষ্ট (কোন দ্রব্যকে বাক্যে অখাদ্য বলে), ভাবদুষ্ট (উত্তম দ্রব্য যদি অখাদ্যরূপে দৃষ্ট হয়), দূষিতপাত্রে স্থিত অন্ন, ব্রাহ্মণ বারম্বার ভোজন করিলে ত্রিরাত্র ব্রত ধারণ করিতে হইবে। গো-কুলে কন্দুশালাতে (ভাজাদির নিমিত্ত ধান্যাদি ভর্জ্জন গৃহে, তৈল যন্ত্র এবং ইক্ষু যন্ত্রে, স্ত্রীতে, বালকে ও আতুরে শৌচের বিচার করিতে হইবে না। বিচ্ছেদ রহিত ধারা, বাতোদ্ধৃত রেণু, ব্রহ্মবিন্দু (বেদ পুরাণাদি পাঠ করিতে করিতে মুখ হইতে নিঃসৃত বিপ্রুষ), সুরার আকর ভিন্ন সকল আকর, সর্ব্বদা শুচি। অজা, গো, মহিষী ও ব্রাহ্মণী, প্রসব করিলে দশ দিনের পর শুদ্ধ হন্। ভূমিষ্ঠ নবোদক দশ দিনের পর ব্যবহার্য্য হয়। বর্ষাকালে নবোদক তিন দিবসের পর শুদ্ধ হয়, অকালে দশ দিনের পর শুদ্ধ। যে ব্যক্তি শুদ্ধ না হইলে নবোদক পান করেন তাঁহাকে শুদ্ধির নিমিত্ত অহোরাত্র উপবাস করিতে হয়। স্নান, আচমন, দান, দেবপূজা, পিতৃতর্পণ, মেঘাদি নিঃসৃত জলে এবং শূদ্রানীত জলে করিবেনা; কিন্তু মেঘ নিঃসৃত জলে হস্তক্ষালন এবং স্পর্শাদি করিতে পারিবে। আম মাংস, ঘৃত, মধু, ফলসম্ভব স্নেহদ্রব্য (তৈলাদি), ম্লেচ্ছভাণ্ডে থাকিলে দূষ্য হয়; ভাণ্ড হইতে নিষ্ক্রান্ত হইলে পবিত্র বলিয়া জানিতে হইবে।

গরুর মুখ ভিন্ন, সর্ব্বাঙ্গ শুচি। মার্জ্জার গমন করিলেই শুচি হয়। পুষ্প এবং ফল প্রোক্ষণ করিলেই শুদ্ধ হয়। মক্ষিকা, ভূমি অবিচ্ছিন্ন ধারা জল, অগ্নি, বায়ু, মার্জ্জার, দর্ব্বী ইহারা সর্ব্বদা শুচি। কিন্তু বিড়ালাদির উচ্ছিষ্ট অন্ন ত্যাগ করিতে হইবে। কুক্কুর কি চাণ্ডাল, ঘৃত স্পর্শ করিলে সে ঘৃত দ্বারা যজ্ঞ হয় না। যজ্ঞ ভিন্নে স্বর্ণোদক স্পর্শ করিয়া অগ্নিতে তাপ-দিয়া ছাঁকিয়া লইলে শুদ্ধ হয়। তৈল, দুগ্ধ, ঘৃত, ক্ষীর এবং দধি জন্তুমুখস্পৃষ্ট হইলে তন্মাত্র উদ্ধৃত করিয়া গ্রহণ করিতে পারিবে; ঘৃত দ্রব থাকিলে অগ্নিতপ্ত করিয়া লইবে। স্নেহ দ্রব্যের উৎপবনই (কাপড় ছাঁকা) শুচি বলিয়া কথিত। অনিবেদিত অন্ন বিষ্ঠা তুল্য; অনিবেদিত জল মূত্র তুল্য; এই হেতু মৎস্য মাংসাদি যে কিছু দ্রব্য স্ব স্ব ইষ্ট দেবকে নিবেদন করিয়া ভোজন করিবে। কিন্তু নৈবেদ্য প্রদানে নিষিদ্ধ দ্রব্য দিতে পারিবে না। অজা দুগ্ধ, মহিষী দুগ্ধ, বিধান ব্যতিরেকে পঞ্চনখ, মৎস্য এবং বরাহ মাংস বর্জ্জন করিবে। ব্রহ্ম হত্যাদি পাপ

বিনাশকারিবিষ্ণুপাদোদক পান করিবে। এক দেবতার উপাসক অন্য দেবতার নৈবেদ্য ভোজন করিতে পারিবেন। বৈষ্ণব কেবল বিষ্ণু প্রসাদ ভোজন করিবেন। শালগ্রাম শিলাজল পান না করিয়া মস্তকে প্রক্ষেপ করিলে ব্রহ্মহত্যার পাপ হয়। ভোজনে পরিতৃপ্ত হইয়া শেষে "ওঁ অমৃতাপিধানমসি স্বাহা" এই মন্ত্রদ্বারা গণ্ডুষের জল অর্দ্ধ পান করিবে; অর্দ্ধ ভূমিতে প্রক্ষেপ করিবে; তজ্জল দ্বারা পাতাল গত নাগগণ প্রীত হইবেন। তৎপরে মৃত্তিকা জল দ্বারা হস্তদ্বয় ঘর্ষণ করিয়া আচমন করিবে। ভুক্তোচ্ছিষ্ট আনয়ন করিয়া উচ্ছিষ্ট ভাগ গ্রাহি গণকে জলের সহিত সেই উচ্ছিষ্ট ভূমিতে প্রদান করিবে। মন্ত্র। "রৌরবে পূণ্য নিলয়ে পদ্মার্ব্বুদ নিবাসিনাং। প্রার্থিনাং সর্ব্ব ভূতানামক্ষয্যমুপাতিষ্ঠতাং" তৎপরে সম্যক আচমন করিয়া পূর্ব্বাস্য অথবা উত্তরাস্য আসনোপবিষ্ট প্রশান্ত চিত্ত হইয়া অভীষ্টদেবের স্মরণ করিবে। তৎপরে উদরে হস্তপ্রদান পূর্ব্বক এই মন্ত্রগুলিকে পাঠ করিবে। মন্ত্র অগ্নিরাপায়তাং ধাতুং পার্থিবং পবনেরিতঃ। দত্তাবকাশো নভসা জরয়ত্যস্ত মেসুখং। অন্নং বলায় মেভূমেরপামগ্ন্যনিলশ্চ ভবত্যেতৎ পরিণতো মম্য স্বব্যাহতং সুখং। প্রানাপান সমা নানা মুদান ব্যানয়োস্তথা। অন্নং তুষ্টি করং চাস্ত মম্যাহব্যাহতং সুখং। অগস্ত্যবহ্নি র্বড়বা নলশ্চ ভুক্তং ময়ান্নং জরয়ত্য শেষং। সুখং মমৈতৎ পরিণাম সম্ভবং যচ্ছত্বরোগং মমচাস্ত দেহে। যথা সমস্তেন্দ্রিয় দেহি দেহে প্রধান ভূতো ভগবান্ যথৈকঃ সত্যেন তেনান্ন বিশেষ মেতদারোগ্যদং মে পরি নামমেতু। বীর্য্যবত্তা যথৈবান্নং পরি নাম মবৈতিহ। সত্যেন তেন মদ্ভুক্তং জীর্য্যত্বন্ন মিদং তথা। এই মন্ত্র উচ্চারণ পূর্ব্বক হস্ত দ্বারা উদর মার্জ্জনানন্তর পুনরাচমন করিয়া তাম্বূল ঈশ্বরকে নিবেদন পূর্ব্বক ভক্ষণ করিবে। পর্ণমূল ভক্ষণ করিলে ব্যাধি হয়; অগ্রে পাপ সঞ্চয় হয়। শীর্ণপর্ণ ভক্ষণ করিলে আয়ুঃনাশ হয়; পর্ণের শিরা ভোজন করিলে বুদ্ধি নাশ হয়।

ষষ্ঠাদি যামার্দ্ধ কৃত্য।

ইতিহাস পুরাণাদি দ্বারা ষষ্ঠযামার্দ্ধ এবং সপ্তমযাম নয়ন করিবে। অষ্টম যামে লোকযাত্রা এবং সৎশাস্ত্রাদি আলোচনা ও সম্মার্গ অবিরোধি কার্য্য দ্বারা দিন নয়ন করিবে। তদনন্তর সমাহিত হইয়া পূর্ব্ববৎ সায়ন্তনী সন্ধ্যা উপাসনা করিবে। সায়ংসন্ধ্যা এবং গায়ত্রী জপ পশ্চিমাভিমুখ অথবা বায়ু কোণাভিমুখ হইয়া করিবে।

অথ রাত্রি কৃত্য।

পূর্ব্বাহ্ন-বিহিত কর্ম্ম যদি প্রমাদ হেতু পতিত হইয়া থাকে, তাহা হইলে রাত্রির প্রথম প্রহরের মধ্যে সেই কর্ম্ম করিতে পারিবে। এবং দিবোচিত কার্য্য সমুদাই প্রমাদহেতু পতিত হইলে, রাত্রির প্রথম প্রহরে করিতে পারিবে। সন্ধ্যাকালে অতিথি আগমন করিলে স্বশক্তি অনুসারে তাহাকে ভোজনাদি দিতে হইবে। দিবসে অতিথি বিমুখ হইলে যে পাপ হয়, সূর্য্য অস্তগমনের পর অতিথি বিমুখ হইলে তদপেক্ষা আট গুণ পাপ অধিক হয়। অতিথি ভোজন করাইয়া গৃহী পাদাদি ধৌত করিয়া দেড় প্রহরের মধ্যে ভোজন করিবে।

অথ শয়ন বিধি।

সূর্য্য অস্তগমন না করিলে শয্যা পাতন করিবে না। এবং সূর্য্য উদয়ের পূর্ব্বে সেই শয্যাকে উত্তোলন করিতে হইবে। আসন, বস্ত্র, শয্যা, স্ত্রী, সন্তান, কমণ্ডলু—এইগুলি আপনার পক্ষে শুচি, কিন্তু পরের পক্ষে শুচি নহে। যাঁহার আসন, বস্ত্র, শয্যা কমণ্ডলু, তিনি যদি অনুমতি করেন, তবে অন্যে তাহা ব্যবহার করিতে পারেন। গোময় উপলিপ্ত শুচি নির্জন, এবং পূর্ব্ব ও উত্তর দিক্ ঈষৎ নিম্ন স্থানে শয়ন করিবে; শিরোদেশে মাঙ্গল্য এবং জলপূর্ণ কুম্ভ রাখিবে গারুড় বৈদিক মন্ত্রের দ্বারা আত্মরক্ষা করিয়া শয়ন করা উচিত। নিজ গৃহে পূর্ব্ব শিরা হইয়া এবং আয়ুষ্কামী দক্ষিণশিরা হইয়া শয়ন করিবে। প্রবাসে পশ্চিমশিরা হইয়া শয়ন করিবে; গৃহে এবং প্রবাসে কোন স্থানেই

উত্তর শিরা হইয়া শয়ন করিবে না। শয়নের পূর্ব্বে বিষ্ণুকে প্রণাম করিবে। শূন্যালয়ে এবং শ্মশানে একবৃক্ষতলে এবং চতুষ্পথে মহাদেব গৃহে, কাঁকর লোষ্ট্র এবং ধূলি যুক্তস্থানে, গোশালায়, ধান্যক্ষেত্রে, বিপ্রভবনে এবং গুরুবর্গের সহিত এক শয্যায়, ভগ্নশয্যায়, অশুচি শয্যায় শয়ন করিবে না স্বয়ং অশুচি ও আর্দ্র বাস হইয়া, নগ্ন ও উত্তর শিরা হইয়া, আবরণ শূন্য স্থলে এবং উর্দ্ধে আকাশ দৃশ্যমান স্থলে, চৈত্য-বৃক্ষতলে শয়ন করিবে না। *

দারোপগমন বিধি।

ঋতুকালাবধি ষোড়শ দিবসের মধ্যে যুগ্ম দিনে পঞ্চপর্ব্ব এবং চতুর্থ দিবস বর্জন করিয়া, দারোপ গমন করিবে। এই কালই গর্ভাধানের উপযুক্তকাল রজঃনিবৃত্ত হইলেও, চতুর্থ দিবসে স্ত্রীগমন করিতে পারিবে। রজস্বলা স্ত্রী ত্রিরাত্র অশুচি থাকেন; তদবস্থায় অঞ্জন গ্রহণ করিবেন না। জলে মগ্ন হইয়া স্নান করিবেন না দিবসে শয়ন করিবেন না; দড়ী পাকাইবে না; অগ্নিস্পর্শ করিবে না; দন্তধাবন করিবে না। মাংস ভোজন নিষেধ; পরগৃহ এবং নিজ শয্যাকে দর্শন নিষেধ। হাসিবে না; কোন কর্ম্মানুষ্ঠান করিবে না। অঞ্জলি দ্বারা জলপান করিবে না। তাম্রপাত্র দ্বারা বাম হস্ত দ্বারা জলপান করিবে না।

ঋতু ভিন্ন কালে কামুকী স্ত্রী গমন।

পরদার গমন করিলে ইহলোকে পরমায়ুঃ ক্ষয় এবং লোকহেয়তা,পরকালে নরকগমন হয়। ইহা জানিয়া স্বকীয় স্ত্রীতে ঋতুকালে, এবং সকাম ব্যক্তি ঋতু ভিন্ন কালে গমন করিবে। সকামা গর্ভবতীস্ত্রী পতিরসহিত প্রসবের পূর্ব্বকালপর্য্যন্ত শয়ন করিতে পারিবেন। ইন্দ্রের দত্তবর প্রযুক্ত পতি সঙ্গমদ্বারা তাঁহার গর্ভের কোন হানি হইবে না। পুরুষও, অত্যন্তকামা প্রৌঢ়গর্ভা স্ত্রীতে গমন করিলে কোন দোষভাগী হয় না।

স্ত্রীগমনের নিষিদ্ধ কাল। জেষ্ঠা, মূলা, মঘা, অশ্লেষা, রেবতী, কৃত্তিকা, অশ্বিনী, উত্তরভাদ্রপদ, উত্তরাষাঢ়া উত্তরফল্গুনি, এই কয়টী নক্ষত্র এবং পর্ব্বদিন বর্জন করিয়া স্ত্রীকে গমন করিবে। ঋতুমতী স্ত্রীতে গমন না করেন, এবং ঋতু ভিন্ন কালে অকামা স্ত্রীতে গমন করেন,এবং অযোনিতে যিনি গমন করেন, তিনিও দোষভাগী হয়েন। পর্ব্বদিবসে এবং ঋতু ভিন্ন অনারোগ্যাবস্থায় পত্নীগমন করিলে ত্রিরাত্র উপবাসে তিনি শুচি হয়েন। কামভাবে স্ত্রীদর্শন এবং কামভাবে তাহার সহিত সম্ভাষণ করিলে ব্রহ্মচর্য্য ব্রত নষ্ট হইবে। ঋতুকালে সঙ্গম করিলে ব্রহ্মচর্য্য নষ্ট হইবে। পিত্রাদি শ্রাদ্ধ দিবসে স্ত্রীগমন নিষেধ। শূদ্রান্ন ভোজন করিয়া যে ব্যক্তি ঋতু গমন করিবেন, তদুৎপন্ন পুত্র যাহার অন্ন তাহারই হইবে এবং তাহারা শূদ্রবৎও অকর্ম্মণ্য হইবে। নিকটস্থিতা ঋতুস্নাতা ভার্য্যাতে যে ব্যক্তি গমন না করিবে, সে ব্যক্তি ঘোরনরকে যাইবে এবং ব্রহ্মহা বলিয়া কথিত হইবে কিন্তু বিদেশে থাকিলে দোষ হইবে না। ঋতুকালে গমন করিলে মৈথুনী ব্যক্তিকে স্নান করিতে হইবে; ঋতুভিন্ন কালে মল মূত্রের ন্যায় শৌচ করিতে হইবে। স্ত্রী পুরুষ শয্যা প্রাপ্ত হইলেই অশুচি হয়; নারী শয্যা হইতে উত্থিতা হইয়া বস্ত্র ত্যাগাদি করিলে শুচি হন; পুরুষ ঋতুগমনে স্নান; ঋতু ভিন্ন কালে গমনে মূত্রাদি শৌচবৎ শৌচ করিলে শুদ্ধ হইবেন। ঋতুকালে কৃতাতিগমনা স্ত্রীর যদি গর্ভ ধারণ না হয় তবে উপবাস করিয়া পুষ্যা নক্ষত্রে শ্বেত কণ্টিকারির মূল উঠাইয়া চতুর্থ দিবসে ঋতুস্নাতা স্ত্রীকে ঐ ঔষধ জল দিয়া পেষণ পূর্ব্বক দক্ষিণ নাসাতে দিতে হইবে। নারী সেই ঔষধ যতদূর যাইতে পারে টানিয়া লইবেন; অবশ্যই গর্ভ ধারণ হইবে। অপর ঔষধ। পিপ্পলি, আদা, মরিচ, নাগকেশর ঘৃতের সহিত ভোজন করিলে গর্ভ ধারণ হইবে। রাত্রির প্রথম প্রহর এবং শেষ প্রহর বেদাভ্যাস দ্বারা নয়ন করিবে; মধ্য দুই প্রহর শয়ন করিবার কাল। এই প্রকার মোক্ষ ফলপ্রদ দিবারাত্রাশ্রিত কৃত্য সকল কথিত হইল; নাস্তিক্য,কিম্বা আলস্য হেতু যে ব্রাহ্মণ উহা না করেন তাঁহাকে ঘোর নরকভোগের পর পশুযোনিতে জন্মাইতে হয়।

সম্পূর্ণ।

পরিশিষ্ট।

অথ তান্ত্রিক প্রাতঃকৃত্য।

ব্রাহ্ম্যমুহূর্ত্তকালে উত্থিত হইয়া শয্যা ও রাত্রিবাস ত্যাগ করিয়া পদ্মাসনে উপবেশন পূর্ব্বক স্বশীরে গুরুচিন্তা করিবে। গুরুর ধ্যান;—"স্বশিরসি সহস্র দলকমলাবস্থিতং শ্বেতবর্ণং দ্বিভুজং বরাভয়করং শ্বেতমাল্যানু-লেপনং স্বপ্রকাশ স্বরূপম্ স্ববামভাগ স্থিতয়া সুরক্তশক্ত্যা স্বপ্রকাশ স্বরূপয়া সহিতং গুরুং বিভাব্য।" এইরূপ চিন্তা করিয়া মানসোপচার দ্বারা সেই গুরুকে আরাধনা করিবে। এষ গন্ধঃ ঐং গুরবে নমঃ, এতৎ পুষ্পং ঐং—এষ ধূপঃ ঐং—এষ দীপঃ ঐং—এতন্নৈবেদ্যং ঐং। প্রকা-রান্তর;—অঙ্গুষ্ঠ অনামিকা দ্বারা বং পাদ্য জলং গুরবে কল্পয়ামি নমঃ; অঙ্গুষ্ঠ কনিষ্ঠাভ্যাম্ লং পৃথিব্যাত্মকং গন্ধং; অঙ্গুষ্ঠ তর্জ্জনী দ্বারা হুং আকাশাত্মকং পুষ্পং; তর্জ্জনী অঙ্গুষ্ঠদ্বারা যং বায়ব্যাত্মকং ধূপং অঙ্গুষ্ঠ মধ্যমাদ্বারা রং অগ্ন্যাত্মকং দীপং; অঙ্গুষ্ঠ অনামিকাদ্বারা ওং অমৃতাত্মকং নৈবেদ্যং ঐং গুরবে নমঃ। "ঐং" এই গুরু মন্ত্র অষ্টোত্তর সহস্র অথবা অষ্টোত্তর শতবার জপ করিয়া নিম্নলিখিত মন্ত্রদ্বারা প্রণাম করিবে; অখণ্ড মণ্ডলাকারং ব্যাপ্তং যেন চরাচরং তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ। বা, "অজ্ঞান তিমিরান্ধস্য জ্ঞানাঞ্জন শলা-কয়া চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ। তদনন্তর মূলাধার পদ্ম অবধি করিয়া ব্রহ্মরন্ধ্র পর্য্যন্ত মূল বিদ্যারূপা কুলকুণ্ডলিনী শক্তিকে চিন্তা করিবে। "ধ্যায়েৎ কুলকুণ্ডলিনীং সূক্ষ্মাং মূলাধারনিবাসিনীং তামিষ্ট দেবতারূপাং সার্দ্ধত্রিবলয়ান্বিতাং কোটি সৌদামিনী ভাসাং স্বয়ম্ভু লিঙ্গবেষ্টিনীং তামুত্থাপ্য মহাদেবীং প্রাণ-মন্ত্রেণ সাধকঃ। উদ্যদ্দিনকরং দ্যোতাং যাব-চ্ছ্রমং দৃঢ়াসনঃ অশেষা শুভ শান্ত্যর্থং সমাহিত মনাঃ স্বয়ং তৎপ্রভাপটল ব্যাপ্তং শরীর মপি চিন্তয়েৎ।" তৎপরে হংস এই মন্ত্র জপ করিয়া, রং এই মন্ত্রদ্বারা মূলাধারস্থ ত্রিকোণস্থিত অগ্নিকে প্রজ্বালন পূর্ব্বক হূং এই মন্ত্র উচ্চারণ করিয়া সেই কুলকুণ্ডলিনী শক্তিকে চেতনা করিবে। পরে প্রাণায়াম করণানন্তর মূলমন্ত্র যথা-শক্তি জপ করিয়া পুনর্ব্বার প্রাণায়াম করিয়া গুহ্যাদি গুহ্য গোপ্তাত্বং গৃহাণাস্মৎ কৃতং জপং সিদ্ধিভবতু মে দেব তৎপ্রসাদাৎ সুরেশ্বর।" স্ত্রী দেবতা হইলে গোপ্তাত্বং এই স্থলে গোপ্ত্রীত্বং এবং সুরেশ্বর স্থলে সুরেশ্বরি হইবে। পরে নিজ ইষ্টদেবতাকে প্রণাম করিবে।

অথ তান্ত্রিক সন্ধ্যা প্রয়োগ।

শক্তি বিষয়ে ওঁ আত্মতত্ত্বায় "স্বাহা, ও বিদ্যাতত্ত্বায় স্বাহা, ওঁ শিবতত্ত্বায় স্বাহা বলিয়া আচমন করিতে হইবে। তৎপরে জলে ওঁ গঙ্গেচ যমুনেচৈব গোদাবরি স্বরস্বতি নর্ম্মদে সিন্ধুকাবেরি জলেস্মিন্ সন্নিধিং কুরু।" এই মন্ত্রদ্বারা তীর্থ আবাহন করিয়া মূল মন্ত্র উচ্চারণ পূর্ব্বক কুশদ্বারা ভূমিতে তিনবার ও মস্তকে সাতবার জলক্ষেপ করিবে। তদনন্তর ষড়ঙ্গ-ন্যাস * করিয়া বাম হস্তে জল লইয়া দক্ষিণ হস্তদ্বারা আচ্ছাদন করিয়া হং যং রং লং বং এই বীজ তিনবার অভিমন্ত্রিত করিয়া মূল উচ্চারণ করিবে। ঐ জলবিন্দু তত্ত্ব মুদ্রা দ্বারা মস্তকে সপ্তবার দিবে। পরে ঐ শেষজল দক্ষিণ হস্তে লইয়া তজ্জলকে তেজোরূপধ্যান করিয়া বামস্থিতা ঈড়ানাড়ী দ্বারা আকর্ষণ পূর্ব্বক

---

* আং হৃদয়ায় নমঃ; ঈং সিরসে স্বাহা; ঊং শিখায়ৈ বষট্, ঐং কবচায় হুং; ঔং নেত্র ত্রয়ায় বৌষট্; অঃ করতলপৃষ্ঠাভ্যাম্ ফট্। আং ঈং ঊং ঐং অঃ; এই ছয় দীর্ঘ স্বর স্ববীজে যুক্ত করিয়া এই ন্যাস করিবে।

(গোময়রূপ) পান প্রকালন করিয়া তুল্যরূপ সেই জলকে পাপরূপ ধ্যান করিয়া দক্ষিণদিকে পিঙ্গলা-নাড়ী দ্বারা তজ্জলকে বিরেচন পূর্ব্বক বামভাগ বজ্রশিলাতে ফট্ এই মন্ত্র দ্বারা পাপপুরুষ-রূপ সেই জলকে নিক্ষেপ করিবে। তৎপরে হস্ত প্রক্ষালন পূর্ব্বক পুনরাচমন করিয়া তর্পণ করিবে। ওঁ দেবাংস্তর্পয়ামি, ঋষিংস্তর্পয়ামি, পিতৄংস্তর্পয়ামি, গুরুংস্তর্পয়ামি, পরমগুরুং তর্পয়ামি, পরাপরগুরুং তর্পয়ামি, পরমেষ্ঠি গুরুং তর্পয়ামি ওঁ অমুক দেবতাং তর্পয়ামি স্বাহা নিজ দেবতার তর্পণ তিনবার; অন্য তর্পণ এক-বার। তৎপরে ইদম্ অর্ঘ্যং হ্রীং হংসঃ শ্রীসূর্য্যায় স্বাহা। তৎপরে ইদম্ অর্ঘ্যং সূর্য্যমণ্ডলস্থায়ৈ অমুকদেবতায়ৈ নমঃ এই মন্ত্র দ্বারা অথবা গায়ত্রীদ্বারা ত্রিবার অর্ঘ্য জল নিক্ষেপ করিবে। বিষ্ণু বিষয়ে তর্পণে এই প্রভেদ আছে। গুরু-পংক্তি তর্পণের পরে ওঁ নারদং তর্পয়ামি এই প্রয়োগ অনুসারে পর্ব্বতং জিষ্ণুং নিশঠং অক্রূরং দারুকং বিশ্বকাসনং শৈলেয়ং ইত্যাদি। গুরুকে তিন বার তর্পণ করিবে, দেবতা তর্পণ সময়ে মূলমন্ত্র উচ্চারণ পূর্ব্বক শ্রীঅমুক দেবতাং তর্পয়ামিনমঃ। জীবৎ পিতৃক ব্যক্তি পিতৃ তর্পণ করিবে না। দেবতাদির তর্পণ করিবে, মন্ত্রদাতা গুরু বর্ত্তমানেও তাঁহার তর্পণ করিবে যে হেতু গুরু দেবতাস্বরূপ। শক্তি বিষয়ে তর্পণে নমঃ এই স্থানে স্বাহা বলিতে হইবে। তর্পণ সংখ্যা তিন বার। শিবপক্ষে বিষ্ণু কল্পোক্ত জানিতে হইবে। গণেশ এবং সূর্য্য বিষয়ে বিষ্ণু বিষয় আচারবৎ আচরণ বিশেষ আছে। স্ব স্ব দেবতার পরিবার-দিগকে তর্পণ করিতে হইবে, অশক্ত হইলে কেবল দেবীকে তর্পণ করিলেই হইতে পারিবে। প্রাতঃসন্ধ্যাতে গায়ত্রীধ্যান। "উদ্যদাদিত্য সঙ্কাশাং পুস্তকাক্ষকরাং স্মরেৎ। কৃষ্ণাজিন ধরাং ব্রাহ্মীং ধ্যায়েত্তারকিতেহম্বরে।" মধ্যাহ্নে। শ্যামবর্ণাং চতুর্ব্বাহুং শঙ্খচক্রলসৎকরাং [illegible] দধানাং দেবীং সূর্য্যাসন কৃতাশ্রয়াং।" সায়াহ্নে "বরদাং দেবীং গায়ত্রীং সংস্মরেৎ যতিঃ। শুক্লাং [illegible] [illegible] [illegible] ত্রিনেত্রাং [illegible] [illegible] পুস্তক [illegible] যোগিনীং। [illegible] সূর্য্যমণ্ডল মধ্যস্থাং [illegible] দেবীং [illegible]। এই প্রকার গায়ত্রীধ্যান করিয়া স্ব স্ব দেবতার গায়ত্রী জপ করিবে, তদনন্তর সূর্য্যমণ্ডলে দেবতাকে ভাবনা করিয়া প্রাণায়াম করিয়া যথাশক্তি স্বীয় ইষ্ট দেবতার মন্ত্রজপ তৎপরে পুনর্ব্বার প্রাণায়াম তদনন্তর গুহ্যাতি এই মন্ত্রদ্বারা জপ সমর্পণ করিয়া সংহার মুদ্রা দ্বারা দেবতাকে হৃদয়ে আনয়নপূর্ব্বক, প্রণাম করিবে। যিনি মোহ-বশতঃ মন্ত্রযন্ত্র ফল প্রাপ্তির জন্য ত্রিকালে এই-রূপ তান্ত্রিক সন্ধ্যা না করিবেন তিনি দীক্ষা ফল প্রাপ্ত হইবেন না এই তান্ত্রিক সন্ধ্যাতে স্ত্রী এবং পুত্রাদির অধিকার আছে দ্বাদশ্যাদি তিথিতে বৈদিক সন্ধ্যার নিষেধ আছে, তান্ত্রিক সন্ধ্যার নিষেধ নাই। ইতি তান্ত্রিক সন্ধ্যা।

অথ তান্ত্রিক স্নান।

নদ্যাদিতে গমন করিয়া প্রথমে বৈদিক স্নান তৎপরে তান্ত্রিক স্নান করিবে। যথা আচমনান্তর সংকল্প ওঁ বিষ্ণুর্বিষ্ণুরোম্ তৎসদদ্য অমুকে মাসি অমুক পক্ষে অমুক তিথৌ অমুক গোত্রঃ শ্রী অমুকঃ অমুক দেবতা প্রীতয়ে স্নান মহং করিষ্যে। এই সংকল্পের পর ষড়ঙ্গ ন্যাস প্রাণায়াম করিয়া "ওঁ গঙ্গেচ" ইত্যাদি মন্ত্র পাঠ-পূর্ব্বক অঙ্কুশ মুদ্রাদ্বারা সূর্য্যমণ্ডল হইতে তীর্থ আবাহন করণান্তর "বং" এই মন্ত্র উচ্চারণ করিয়া ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ কবচমুদ্রা দ্বারা অবগুণ্ঠন অস্ত্রমুদ্রা দ্বারা সংরক্ষণ মূলমন্ত্র একাদশ বার জপিয়া অভিমন্ত্রিত করিয়া সেই জল সূর্য্যাভিমুখে সূর্য্যমণ্ডলস্থ ইষ্টদেবতার অঙ্গে দ্বাদশবার জলধারা নিক্ষেপ করিয়া সেই ইষ্টদেবতার চরণারবিন্দ নিঃসৃত জলে ত্রিবার নিমগ্ন হইয়া দেবতাকে ধ্যান [illegible] [illegible] মূলমন্ত্র জপ করিয়া উত্থিত হইয়া কলসমুদ্রা দ্বারা ত্রিবার অঞ্জলি জলে তিনবার [illegible] অভিষেক করিয়া স্বীয় তর্পণ [illegible] [illegible] পুজাস্থানে আগমনপূর্ব্বক স্ব স্ব দেবতার [illegible] পূজা করিবে। ইতি [illegible]।

সম্পূর্ণ।